

আল-আকসা মসজিদে ইহুদি উপাসনালয় নির্মাণের ঘোষণা

সারে-জমিন



সরকার বনধ প্রতিহত করবেই: আলাপন

রূপসী বাংলা



মার্কিন নির্বাচনে মুসলিম ভোটের দাম বাড়ল যেভাবে

সম্পাদকীয়



বিতর্কিত 'সার্কুলার' প্রত্যাহার ডিআইয়ের

সাধারণ



ডুরান্ড কাপের ফাইনালে উঠল মোহনবাগান

খেলতে খেলতে


# আপনজন

APONZONE
Bengali Daily

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

বুধবার
২৮ আগস্ট, ২০২৪
১২ ভাদ্র ১৪৩১
২২ সফর, ১৪৪৬ হিজিরি

সম্পাদক
জাইদুল হক

Vol.: 19 ■ Issue: 233 ■ Daily APONZONE ■ 28 August 2024 ■ Wednesday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 6 ■ www.aponzonepatrika.com/epaper.php ■ aponzone@gmail.com


প্রথম নজর

## বনধের দিনেই টিএমসিপির প্রতিষ্ঠা দিবসে মমতা-অভিষেক



**আপনজন ডেস্ক:** নবান্ন অভিযান ঘিরে পুলিশের বিরুদ্ধে একগুচ্ছ অভিযোগ তুলে ধরে বিজেপি বুধবার রাজ্যজুড়ে ১২ ঘন্টার বনধ ডেকেছে। আবার এই দিনেই প্রতি বছরের মতো এবছরও তৃণমূল কংগ্রেস ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস পালিত হবে। উল্লেখ্য, তৃণমূল কংগ্রেসের ছাত্র সংগঠন তৃণমূল ছাত্র পরিষদ (টিএমসিপি)-এর প্রতিষ্ঠা দিবস উপলক্ষে প্রতি বছর ২৮ অগস্ট সমাবেশ হয় মেয়ো রোডে। এবারও তার ব্যতিক্রম হবে না। যদিও বিজেপির ডাকা বনধ বেকায়দায় ফেলে দিতে পারে। তবে, ২১ জুলাই শহিদ দিবসের মঞ্চে একসঙ্গে হাজির থাকার পর বুধবার টিএমসিপির প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানে আবারও মমতা বন্দ্যোপাধ্যায় ও অভিষেক বন্দ্যোপাধ্যায় একসেঙ্গে হাজির থাকবেন। আরজি কর-কাণ্ডের পরে এদিন প্রথম বার একই মঞ্চে উপস্থিত থেকে মমতা ও অভিষেক সাংগঠনিক, রাজনৈতিক এবং প্রশাসনিক কী বার্তা দেন তার দিকে তাকিয়ে রয়েছে বিভিন্ন মহল।

### আন্দোলনকারীদের ছোড়া পাথর ও ইটে আহত বহু পুলিশ

# নবান্ন অভিযান ঘিরে অশান্তি

### আজ ১২ ঘণ্টার বাংলা বনধ ডাকল বিজেপি, রুখতে প্রস্তুত রাজ্য সরকার

**আপনজন ডেস্ক:** আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে এক তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুনের প্রতিবাদে মঙ্গলবার বিকেলে নবান্ন অভিযান সমাবেশ চলাকালীন হাওড়া ও কলকাতায় পুলিশের সঙ্গে সংঘর্ষে জড়ায় বিক্ষোভকারীরা।

সরকারি হাসপাতালে জুনিয়র ডাক্তারকে ধর্ষণ ও খুনের ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের পদত্যাগের দাবিতে পশ্চিমবঙ্গের সচিবালয় অভিমুখে মিছিল করেন বিক্ষোভকারীরা।

তারা ঘটনাস্থলে পুলিশ কর্মকর্তাদের লক্ষ্য করে পাথর ও ইট নিক্ষেপ করে এবং রাজ্য সচিবালয়ে যাওয়ার পথে বাধা থাকা ব্যারিকেড ভেঙে ফেলার চেষ্টা করে।

সংঘর্ষে কলকাতা পুলিশের ১৫ জন এবং রাজ্য পুলিশের ১৪ জন জওয়ান আহত হয়েছেন।

রাজ্যজুড়ে ২০০ জনেরও বেশি ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে বলে রিপোর্টে জানানো হয়েছে।

বিজেপি নেতা শুভেন্দু অধিকারীর অভিযোগ, পুলিশের গুলিতে ১৭ জন মহিলা-সহ ১৬০ জনেরও বেশি বিক্ষোভকারী আহত হয়েছেন।

বিক্ষোভকারীদের উপর পুলিশি পদক্ষেপের নিন্দা করে বুধবার ১২ ঘণ্টার বাংলা বনধের ডাক দেন বিজেপির বঙ্গ শাখার সভাপতি সুকান্ত মজুমদার।



রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী রাজ্যপাল সিভি আনন্দ বোসকে রাজ্যে "রাষ্ট্রপতি শাসন জারির জন্য" অনুরোধ করেছেন।

পশ্চিমবঙ্গ সরকার সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত বিজেপির সাধারণ ধর্মঘট উপেক্ষা করার জন্য জনগণকে অনুরোধ করেছে।

তিনি বলেন, "বুধবার আমরা কোনও বনধ পালন করতে দেব না। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মুখ্য উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায় বলেন, আমরা জনগণকে অংশ না নেওয়ার জন্য অনুরোধ করছি এবং পরিস্থিতি স্বাভাবিক করার জন্য সমস্ত ব্যবস্থা নেওয়া হবে।

এর কিছুক্ষণ পরেই রাজ্য একটি বিজ্ঞপ্তি জারি করে যে সমস্ত সরকারী অফিস খোলা থাকবে এবং জরুরি অবস্থা বা ছুটিতে থাকা ব্যতীত সমস্ত কর্মচারীকে ২৮ আগস্ট ডিউটিতে রিপোর্ট করতে হবে বা অননুমোদিত অনুপস্থিতির জন্য শাস্তিমূলক পদক্ষেপের মুখোমুখি হতে হবে।

বাংলার পুলিশ আধিকারিকরা হাইকোর্টের একাধিক রায়ের উল্লেখ করেছেন যেখানে রাজনৈতিক বনধকে "অবৈধ" ঘোষণা করা হয়েছে। তৃণমূলের মুখপাত্র কুণাল ঘোষ বলেন, "বুধবার বাংলায় বনধ হবে না। তিনি বিজেপির বিরুদ্ধে রাজনৈতিক এজেন্ডা এগিয়ে নিতে এবং রাজ্যে অশান্তি তৈরি করতে সাধারণ ধর্মঘটকে ব্যবহার করার অভিযোগ করেছিলেন।

এডিজি (দক্ষিণবঙ্গ) সুপ্রতিম সরকার জানিয়েছেন, সচিবালয় সমাবেশের আগে প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে সোমবার রাতে রাজ্য জুড়ে ২৫ জনকে গ্রেফতার করা হয়েছে।

এর কিছুক্ষণ পরেই রাজ্য একটি বিজ্ঞপ্তি জারি করে যে সমস্ত সরকারী অফিস খোলা থাকবে এবং জরুরি অবস্থা বা ছুটিতে থাকা ব্যতীত সমস্ত কর্মচারীকে ২৮ আগস্ট ডিউটিতে রিপোর্ট করতে হবে বা অননুমোদিত অনুপস্থিতির জন্য শাস্তিমূলক পদক্ষেপের মুখোমুখি হতে হবে।

বাংলার পুলিশ আধিকারিকরা হাইকোর্টের একাধিক রায়ের উল্লেখ করেছেন যেখানে রাজনৈতিক বনধকে "অবৈধ" ঘোষণা করা হয়েছে। পুলিশ ও সরকারি কর্মকর্তারা উভয়ই জোর দিয়ে বলেছেন যে নিরাপত্তা বাহিনী "চরম সংযম প্রদর্শন করেছে এবং বিক্ষোভকারীদের উস্কানির কাছে নতি স্বীকার করেনি।

এডিজি (আইনশৃঙ্খলা) মনোজ ভার্মা নবান্নে সাংবাদিকদের বলেন, "বিক্ষোভকারীদের আগ্রাসনের জবাবে পুলিশ কেবল প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছিল।

হেস্টিংস, মহাত্মা গান্ধী রোড, হাওড়া ব্রিজের স্ট্যান্ড রোডের এন্ট্রি পয়েন্ট, ফোরশোর রোড, হাওড়া ময়দান, কোনা এক্সপ্রেসওয়ে এবং হাওড়ার সাঁতরাগাছি স্টেশন চত্বরে পুলিশের সঙ্গে বিক্ষোভকারীদের তীব্র সংঘর্ষ হয়।

বিক্ষোভকারীরা বাবুঘাট নদীর তীরে পুলিশের বেশ কয়েকটি গাড়ি ভাঙচুর করে এবং পুলিশের একটি মোটরসাইকেলে আগুন ধরিয়ে দেয়।

কিছু বিক্ষোভকারী পুলিশের ব্যারিকেড টপকে নবান্নের ঢিল ছোড়া দূরত্বের মধ্যে এসে ন্যায়বিচারের জন্য স্লোগান দিতে দিতে সশস্ত্র পুলিশের মুখোমুখি হয়।

# সুপ্রিম কোর্টে ওবিসি মামলায় তথ্য জমা দিতে সময় চাইল রাজ্য

**এম মেহেদী সানি ● কলকাতা**

**আপনজন:** মঙ্গলবার সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পারদিওয়ালা ও বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চে পশ্চিমবঙ্গে ওবিসি বাতিলের বিরুদ্ধে মামলার শুনানি ছিল। এই মামলায় প্রয়োজনীয় আরও তথ্য জমা দেওয়ার জন্য সুপ্রিম কোর্টে রাজ্যের হয়ে আরও কিছুটা সময় চাইলেন পশ্চিমবঙ্গ সরকারের আইনজীবী কপিল সিব্বাল। সিনিয়র আইনজীবী সিব্বাল এদিন রাজ্য সরকারের পক্ষে উপস্থিত হয়ে প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় এবং বিচারপতি জে বি পারদিওয়ালা এবং মনোজ মিশ্রের সমন্বয়ে গঠিত বেঞ্চকে বলেন, এই মামলায় প্রচুর মামলাকারী রয়েছে। অন্য পক্ষ এই নিয়ে একগুচ্ছ নথিও জমা দিয়েছে। তাই জবাব দেওয়ার জন্য রাজ্যের আরও কিছুটা সময় প্রয়োজন। কপিল সিব্বাল বলেন, 'তাদের প্রতিক্রিয়া জানাতে আমার সময় দরকার।' রাজ্য সরকারের আবেদন মঞ্জুর করেছে সর্বোচ্চ আদালত। আগামী সোমবার এই মামলার পরবর্তী শুনানির দিন ধার্য হয়েছে। এ বিষয়ে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় বলেন, আমরা বিষয়টি আগামী সোমবার তালিকাভুক্ত করব। উল্লেখ্য, ২০ আগস্ট, রাজ্য সরকার হাইকোর্টের রায়ের বিরুদ্ধে তার আবেদনের জরুরি শুনানির জন্য অনুরোধ করেছিল সুপ্রিম কোর্টকে। এরপর ২৭ আগস্ট মামলাটি



তালিকাভুক্ত করার নির্দেশ দেয় বেঞ্চ। তবে ২৭শে আগস্ট অর্থাৎ মঙ্গলবারও নিষ্পত্তি হল না। রাজ্য সরকার হাইকোর্টে পরাজিত হলেও, ওবিসি মামলাটি সুপ্রিম কোর্টের তরফে স্থগিতাদেশ জারির

**রাজ্যের পক্ষে আইনজীবী কপিল সিব্বাল**

আশার ক্ষেত্রে প্রবীণ ও দুঁদে আইনজীবী কপিল সিব্বালের তৎপরতা যথেষ্ট ইঙ্গিত বহন করছে বলে মনে করছে বিভিন্ন মহল।

এ দিন ওবিসি সার্টিফিকেট মামলায় সুপ্রিম কোর্টে রাজ্য সরকারের পক্ষ থেকে আইনজীবী কপিল সিব্বাল ও ইন্দ্রা জয় সিং সহ জয়েন্ট ফোরামের পক্ষ থেকে সাধন পারাশর ও পবন ধাওয়ান প্রমুখ উপস্থিত ছিলেন। এছাড়া অন্যান্য এসএলপি দাখিলকারীদের আইনজীবীরা উপস্থিত ছিলেন ।

অন্যদিকে, সুপ্রিম কোর্টে মামলার শুনানিতে উপস্থিত থাকার জন্য জয়েন্ট ফোরামের পক্ষ থেকে পাশারুল আলম, ড. মানাজাত আলী বিশ্বাস ও আলমগীর সরদার প্রমুখ উপস্থিত ছিলেন।


বজবজ ইনস্টিটিউট অফ নার্সিং
চণ্ডীপুর মোড় ■ বিড়লাপুর রোড ■ কলকাতা-৭০০১৩৭
https://bbinursing.com
Project of Amanat Foundation
ছেলেদের জন্য

আশশিফা ইনস্টিটিউট অফ নার্সিং
সহরার হাট ■ ফলতা ■ দক্ষিণ ২৪ পরগনা
https://ashsheefahospital.com
Project of AshSheefa Group
মেয়েদের জন্য

স্কলারশিপ, স্টুডেন্ট ক্রেডিট কার্ডে সহায়তা

■ অভিজ্ঞ প্রফেসর ডাক্তার দ্বারা পরিচালিত।
■ আধুনিক সুসজ্জিত ল্যাবরেটরি, লাইব্রেরি।
■ ১০০+ বেডের নিজস্ব হাসপাতালে এবং অতিরিক্ত আরও ২ টি ১০০+ বেডের হাসপাতালে (আরতি ও ইউনিপন) প্রশিক্ষণের ব্যবস্থা।
■ মেয়েদের জন্য হসপিটাল ক্যাম্পাসে নার্সিং স্কুল ও হোস্টেল এর সুযোগ।
■ ছেলেদের পৃথক হোস্টেল।
■ ভর্তির যোগ্যতা: সায়েন্স/আর্টস/কমার্স) যেকোনও শাখায় HS এ 40% মার্কস।

HS পাস ছেলে ও মেয়েদের জন্য নার্সিং এর অ্যাডমিশন শুরু হয়ে গেছে

GNM
(3Years)
কোর্সে সরাসরি ভর্তি চলছে
ওয়েস্ট বেঙ্গল ও ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল অনুমোদিত




ডাঃ ফারুক উদ্দিন পুরকাইত
MBBS, MD, Dip. Card
(Director)

মুহাম্মদ শাহ আলম, চেয়ারম্যান
ডঃ মোশারফ হোসেন, ভাইস-চেয়ারম্যান

যোগাযোগ
6295 122937 / 93301 26912
9732 589 556

**প্রথম নজর**

## ভুয়ো মাইক্রো ফিনান্সের নামে ঋণ প্রতারণা



**সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া**

**আপনজন:** ভুয়ো মাইক্রো ফিনান্স সংস্থার নাম করে ঋণ পাইয়ে দেওয়ার লোভ দেখিয়ে স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের কাছ থেকে হাজার হাজার টাকা আদায় করে চম্পট দিতে গিয়ে পুলিশের জালে দুই মহিলা, উদ্ধার প্রায় ৭৫ হাজার টাকা ।

নিজেদের মাইক্রো ফিনান্স সংস্থার আধিকারিক হিসাবে পরিচয় দিয়ে স্বনির্ভর গোষ্ঠীর সদস্যাদের সাথে আলাপ জমিয়ে মোটা অঙ্কের ঋণ পাইয়ে দেওয়ার প্রস্তাব দিয়েছিল দুই মহিলা। ঋণ পাওয়ার জন্য বীমা ও সিকিউরিটি মানি হিসাবে প্রত্যেক সদস্যার কাছ থেকে আদায় করা হয়েছিল মোটা অঙ্কের টাকাও। কিন্তু সেই টাকা নিয়ে চম্পট দেওয়ার আগেই পুলিশের জালে ধরা পড়ল দুই মহিলা। গতকাল সন্ধ্যায় ঘটনাটি ঘটে বাঁকুড়ার বিষ্ণুপুর শহরের শেখ পাড়া এলাকায়। ধৃতদের আজ বিষ্ণুপুর মহকুমা আদালতে পেশের পাশাপাশি প্রতারণা চক্রের মাস্টারমাইন্ডের খোঁজ শুরু করেছে পুলিশ।

## বালি বোঝায় ট্রাক উল্টে বিপত্তি



**সারিউল ইসলাম ● মুর্শিদাবাদ**

**আপনজন:** রানিতলায় বিদুৎ ট্রান্সফর্মার উপরে উল্টে গেল বালি বোঝায় ডাম্পার ট্রাক। মঙ্গলবার সকালে ঘটনাটি ঘটেছে রানিতলা থানার হোসনাবাদ পূর্বপাড়া এলাকায়। স্থানীয় সূত্র খবর, রাস্তায় যাচ্ছিল বালি বোঝায় ডাম্পার ট্রাক। সে সময় অপর দিক থেকে আসা একটি চার চাকার ডিম ভর্তি ছোট গাড়িকে যাওয়ার জন্য রাস্তার পাশে নয়ানজুলির ধার ঘেঁষে দাঁড়ালে ডাম্পার ট্রাকটি ট্রান্সফর্মার পোলের উপর গিয়ে পড়ে। বিদ্যুতের ট্রান্সফর্মার সমেত নয়ানজুলিতে উল্টে যায় ট্রাকটি। ঘটনাস্থলে পৌঁছায় রানীতলা থানার পুলিশ। বিদ্যুতের ট্রান্সফর্মার ভেঙে যাওয়ায় ওই গ্রামে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে। অন্যদিকে ট্রাকের চালককে স্থানীয় বাসিন্দারা উদ্ধার করে পার্শ্ববর্তী প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র নিয়ে যায়।

## ফরাক্কা অভিযানে রতুয়া তৃণমূল



**নিজস্ব প্রতিবেদক ● মালদা**

**আপনজন:** মালদা জেলা তৃণমূল নেতৃত্বের ডাকে গঙ্গা ভাঙ্গন প্রতিরোধ ও ক্ষতিপূরণের দাবীকে সামনে রেখে ফারাক্কা ব্যারেজের জিএম এর কাছে অবস্থান বিক্ষোভ ও ডেপুটেশন কর্মসূচির ডাক দেওয়া হয়েছে। ফারাক্কা ব্যারেজের জিএম যতক্ষণ না সু ব্যবস্থা সঠিক আশ্বাস দিচ্ছে। ততক্ষণ চলবে এই অবস্থান বিক্ষোভ। আরে কর্মসূচিতে রতুয়া বিধানসভার মহানন্দাটোলা বিলাইমারি ও দেবীপুর গ্রাম পঞ্চায়েতের বহু মানুষ অংশগ্রহণ করছে। আর সে মত মালদা জেলা পরিষদের সদস্যের প্রতিনিধি লালটু চৌধুরীর নেতৃত্বে দেবীপুর এলাকা থেকে বেসরকারি বাসে করে শয়ে শয়ে তৃণমূল নেতা কর্মীরা এ কর্মসূচিতে অংশগ্রহণের জন্য রওনা দিলেন।

# সরকার বনধ প্রতিহত করবেই: আলাপন

**সমীর দাস ● কলকাতা**



**আপনজন:** রাজ্য প্রশাসন নিয়ে বরাবর মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রেস কনফারেন্স করে থাকনে। তবে নবান্ন অভিযান নিয়ে তার পরিবর্তে সরকারের হয়ে সাংবাদিক সম্মেলন করলেন আলাপন বন্দ্যোপাধ্যায়। বুধবার সকাল ৬টা থেকে সন্ধে ৬টা পর্যন্ত বাংলা বনধের ডাক দিয়েছে বিজেপি। নবান্ন অভিযানে সাধারণ মানুষের উপর পুলিশের লাঠিচার্জ এবং বলপ্রয়োগের প্রতিবাদে এই বনধ। যদিও আলাপনের নির্দেশ, সরকারি কর্মীদের আগামিকাল অফিসে আসতেই হবে। হঠাৎ আলাপন বন্দ্যোপাধ্যায়ের এই বাইটে চিন্তিত সকলেই। কেন মুখ্যমন্ত্রী আর জি কর ঘটনার পর থেকে প্রকাশ্যে কোনো মন্তব্য করছেন না, তা নিয়ে প্রশ্ন উঠেছে।

মঙ্গলবার বিজেপি প্রভাবিত ছাত্র সংগঠনের পক্ষ থেকে নবান্ন অভিযানের সময় পুলিশি অত্যাচারের বিরুদ্ধে বুধবার বিজেপি ১২ ঘন্টার বাংলা বনধ ডাকে। মঙ্গলবার বিকেলে মুখ্যমন্ত্রীর মুখ্য উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায় স্পষ্ট বলেন, সরকার এই বনধ প্রতিহত করবেই। সরকার এই বন্ধ মানবে না। আগামিকাল সারা রাজ্যে জনজীবন স্বাভাবিক থাকবে বলেই ঘোষণা আলাপনের। তাঁর কথায়, "সরকার নিরাপত্তা, আইনানুগ ব্যবস্থা করবে। ক্ষতি হলে সরকার সেদিকটাও দেখবে।" তিনি বলেন, সরকারি কর্মীদের আগামিকাল অফিসে আসতেই হবে। দোকানপাটো থাকবে খোলা। তিনি বলেন, আর জি কর ঘটনায় সরকার তথা মুখ্যমন্ত্রী খুবই সহমর্মী। কিন্তু তাই বলে এমন আরাজকটা সরকার মানবে না।

# আগাম ২৫ জনকে গ্রেফতার না করলে প্রাণহানি হত: এডিজি

**সুব্রত রায় ● কলকাতা**



**আপনজন:** মঙ্গলবার নবান্ন অভিযানে আইনশৃঙ্খলা রক্ষা করতে গিয়ে রাজ্য পুলিশের মোট ১২ জন পুলিশ কর্মী আহত হন।মঙ্গলবার সন্ধ্যায় নবান্ন থেকে রাজ্য পুলিশের এডিজি (দক্ষিণ বঙ্গ) সুপ্রতিম সরকার এবং এডিজি (আইন শৃঙ্খলা )মনোজ ভার্মা সাংবাদিক সম্মেলন করে জানান, আগাম পুলিশের কাছে খবর ছিল নবান্ন অভিযানকে কেন্দ্র করে মানুষের যাতে মৃত্যু হয় সেই চেষ্টা চালানো হবে। কিন্তু ১২ জন পুলিশ কর্মী আহত হলেও গোটা পুলিশ ফোর্স চক্রান্তকারীদের ফাঁদে পা দেয় নি। পুলিশ সংযত ছিল। ৯৪ জনকে গ্রেফতার করা হয়েছে হাওড়া এলাকা থেকে। সরকারি সম্পত্তি ভাঙচুর করা হয়েছে। পশ্চিমবঙ্গ ছাত্র সমাজের নামে এই আন্দোলনের ডাক দেওয়া হয়েছে আন্দোলনের নামে তাতে কোনো ছাত্র সমাজ বা ছাত্র-ছাত্রীরা এই ধরনের তাণ্ডব করতে পারে না। দেড় ঘন্টা ধরে তান্ডব চালানো হয়েছে পুলিশকে আক্রমণ করা হয়েছে সরকারি সম্পত্তি ভাঙচুর করা হয়েছে। এই মিছিলে অস্ত্র, বোমা,গুলি নিয়ে আসার পরিকল্পনা ছিল। সোমবার রাত থেকে দফায় দফায় যদি পুলিশ ২৫ জনকে আগাম গ্রেফতার না করত, তাহলে মঙ্গলবার যে পরিস্থিতি তৈরি হয়েছিল তার থেকে আরো ভয়ংকর হত। মানুষের প্রাণহানি ঘটতে পারতো। বুধবার একটি রাজনৈতিক দলের পক্ষ থেকে বনধ ডাকা হয়েছে। সেই প্রসঙ্গ টেনে সুপ্রতিম সরকার বলেন, মুম্বাই হাইকোর্টের এই বনধ নিয়ে নির্দিষ্ট অর্ডার আছে যে, এই ধরনের বনধ পুরোটাই বেআইনি। এদিকে,পুলিশ বাড়ির ছাদ থেকে ইট মেরেছে, পুলিশের বিরুদ্ধে অভিযোগ সংগ্রামী যৌথ মঞ্চের নেতৃত্বের।মঙ্গলবারের নবান্ন অভিযানে জল কামান কাঁদানে গ্যাস ছাড়াও বাড়ির ছাদ থেকে ইট ছুঁড়েছে পুলিশ, এমনটাই অভিযোগ করলেন যৌথ সংগ্রামী মঞ্চের আহ্বায়ক ভাস্কর ঘোষ। তিনি পুলিশের বিরুদ্ধে সরাসরি অভিযোগ করে বলেন, শান্ত আন্দোলনের উপর পুলিশ জল কামান, কাঁদানে গ্যাস ছুঁড়েছে। পুলিশ বাড়ির ছাদ থেকে ইট ছুঁড়েছে আন্দোলনকারীদের ওপরে। ২৪-২৬ জন আহত হয়েছে। আন্দোলনকারীরা কাউকে আক্রমণ করে নি। আমরাই আহত হয়েছি। আমরা কোনোভাবেই আন্দোলন বন্ধ করছি না।

## লাভপুর থানার জনসংযোগ



**আমীরুল ইসলাম ● বীরভূম**

**আপনজন:** উদ্দেশ্য জনসংযোগ বৃদ্ধি! মহিলাদের সঙ্গে সরাসরি কথা বলে তাদের সমস্যাগুলো সম্পর্কে অবগত হয়ে সমাধানের প্রয়াস চালানো,আর এবার সেই উদ্দেশ্যেই লাভপুরের বিভিন্ন জনবহুল এলাকা, বাসস্ট্যান্ড ও বেশ কিছু পাড়ায় গিয়ে বিশেষ পরিদর্শন করলেন মহিলা পুলিশ কর্মীরা।পাশাপাশি সংশ্লিষ্ট থানা এলাকার মহিলাদের সাথে পুলিশকর্মীরা কথা বলে জানার চেষ্টা করলেন তারা কোথাও কোনো রকম সমস্যায় পড়ছেন কিনা,আর সমস্যায় পড়লে দ্রুত পুলিশ আধিকারিকদের সাথে যোগাযোগ করার পরামর্শ দিলেন মহিলা পুলিশ কর্মীরা।

**ছড়িয়ে-ছিটিয়ে**

## নবান্ন অভিযানে আহত হুগলির পুলিশ অফিসার



**সেখ আব্দুল আজিম ● হুগলি**

**আপনজন:** নবান্ন অভিযানকে কেন্দ্র করে অশান্তির সৃষ্টি হয়েছে মঙ্গলবার। আিন্দোলনকারীরা নবান্নে প্রবেশ করতে না পেরে পুলিশকে রক্ষ্য করে ইট, পাথর চোড়ে। তার ফলে বহু পুলিশ কর্মী আহত ও জখম হন। নবান্ন অভিযানে নিরাপত্তা রক্ষা জেলার পুলিশ আধিকারিক ও পুলিশ কর্মীদেরও নিয়োজিত করা হয়েছিল এদিনের বিক্ষোভকারীদের ছোড়া ইটের আআতে জখম হন হুগলির চন্ডীতলার সি আই সন্দীপ গাঙ্গুলী। যদিও আন্দোলনকারীদের অভিযোগ বহু ছাত্র-ছাত্রী পুলিশের লাঠিতে আহত হয়েছে।

# রাজ্য হজ কমিটির হজ সচেতনতা শিবির হল বসিরহাট টাউনহলে




**নিজস্ব প্রতিবেদক ● বসিরহাট**

**আপনজন:** রাজ্য হজ কমিটির পক্ষ থেকে হজ নিয়ে বিশেষ সচেতনতা শিবির অনুষ্ঠিত হলো মঙ্গলবার বসিরহাট পৌরসভার অন্তর্গত টাউনহলে। এই হজ সচেতনতা শিবিরে উপস্থিত ছিলেন রাজ্য হজ কমিটির আধিকারিক জনাব আলহাজ্ব আইয়ুব আলী,জেলা সংখ্যালঘু দপ্তরের দিপা ভট্টাচার্য , বসিরহাট মহকুমা শাসক থেকে ডেপুটি ম্যাজিস্ট্রেট এবং ডেপুটি কালেক্টর চিত্তজিৎ বসু, ছিলেন ডিস্ট্রিক্ট ইমাম কো-অর্ডিনেটর আলহাজ্ব মাওলানা মোহাম্মদ হাসানুজ্জামান, বসিরহাট মহকুমা শাসকের এডুকেশন সুপারভাইজার এমডি আলী আসওয়াদ গাজী সহ একাধিক বিশিষ্ট জনেরা। এদিন এই হজ সচেতন শিবিরে মূলত আলোচনা হয় কিভাবে মানুষ হজ নিয়ে ফরম ফিলাপ করবে, কোথায় টাকা জমা দেবে, সমস্ত দিক নিদর্শন দেওয়া হয় এই সচেতনতা শিবির থেকে। বিশেষ করে হজে যারা এবার যাবেন তাদেরকে কি কি নির্দেশিকা মানতে হবে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে সেগুলো বলে দেওয়া হয়। রাজ্য হজ কমিটির আধিকারিক আইয়ুব আলী বলেন, আজকে বসিরহাট টাউনহলে বসিরহাট মহাকুমা শাসকের উদ্যোগে রাজ্য হজ কমিটির পক্ষ থেকে এই বিশেষ সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। মূলত হজযাত্রীরা যারা এবার যাবেন হবে তাদের জন্যই বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এবং হজে যেতে যে যে প্রক্রিয়াগুলো সম্মুখীন হতে হয় সেগুলো নিয়েই মানুষকে বোঝানো হয়েছে। রাজ্য হজ কমিটির তরফ থেকে বিভিন্ন জেলায় হজের জন্য কোটা নির্ধারণ করে দেওয়া হয়েছে।

# রোষের মুখে পঞ্চায়েত সদস্য, ঢালাই রাস্তাতে দুর্নীতির অভিযোগ

**আজিজুর রহমান ● গলসি**



**আপনজন:** জনগণের রোষের মুখে পঞ্চায়েত সদস্য। বিক্ষোভ দেখিয়ে বড়দিঘী গ্রামের ঢালাই রাস্তা নির্মানের কাজ বন্ধ করলো গ্রামবাসীদের এক অংশ। অভিযোগ, ২০২২-২০২৩ অর্থ বর্ষে গলসি ২ নং ব্লকের সাঁকো গ্রাম পঞ্চায়েতের পিবিজি (এসএফসি) এর কাজে বরাদ্দ হয়েছিল ১,৩৮,৪৭৫ টাকা। যা দিয়ে ফিরুর বাড়ি থেকে আনসার এর বাড়ি প্রযন্ত ঢালাই রাস্তা নির্মান করার কথা। সেই নির্মাণ শেষ হবার বোর্ডও লাগানো হয়েছে। তবে রাস্তাটিতে একটুও পাথর পরেনি। অথচ রাস্তার বরাদ্দ অর্থ তুলে নেওয়া হয়েছে বলে অভিযোগ। গ্রামবাসীরা বিষয়টি নিয়ে আরটিআই করলেও তার কোন সদুত্তর পাননি বলে অভিযোগ। এদিকে গ্রামে অন্য জায়গায় ঢালাই রাস্তার কাজ হচ্ছে। তাদের দাবী, ফিরুর বাড়ি থেকে আনসার এর বাড়ির প্রযন্ত আগে ঢালাই করতে হবে। বিক্ষোভ জেরে কাজ বন্ধ হয়ে যায়। খবর পেয়ে ঘটনাস্থলে গ্রামের তৃণমূলের পঞ্চায়েত সদস্য আবুল কালাম মোল্লা পৌছালে তাকে আটকে রেখে বিক্ষোভ দেখান গ্রামবাসীরা। গ্রামবাসীদের দাবী, ওই কাজের দুর্নীতি হয়েছে। বোর্ড লেখা থাকলেও রাস্তা ঢালাই হয়নি। যার জন্য প্রাইমারি স্কুল ও অঙ্গনওয়ারি সেন্টার যেতে অসুবিধা হচ্ছে পড়ুয়াদের। এমনকি বিষয়টি নিয়ে তারা আরটিআই করলেও কোন সদুত্তর পাননি।

এদিকে গ্রামবাসীদের ক্ষিপ্ততার জেরে পঞ্চায়েত সদস্য ঘনিষ্ঠ এক তৃণমূল কর্মীকে মারধর করা হয় বলে অভিযোগ। তবে গোটা ঘটনায় সিপিআইএম কে কাঠগোড়ায় তুলেছেন পঞ্চায়েত সদস্য আবুল কালাম মোল্লা। তার দাবী, রাস্তা চাওড়া করার জন্য ওই টাকায় রাস্তার আংশিক কাজ হয়েছে। বাকিটা পঞ্চায়েতে ধরানো হয়ছে। তবে সিপিএম মদতে গ্রামের কিছু মানুষ না বুঝে গ্রামে অন্য রাস্তার কাজ বন্ধ করেছে।

বিষয়টি নিয়ে সিপিআইএম গলসি ২ এরিয়া কমিটির সদস্য আতিয়ার রহমান বলেন, ওটা তৃণমূল দুই গোষ্ঠীর বিবাদ। বোর্ড লাগিয়েছে অথচ কাজ হয়নি এমন অভিযোগ তিনি শুনেছেন স্যোশাল মিডিয়ায়।

# তৃণমূল থেকে কংগ্রেসে যোগদান হরিশ্চন্দ্রপুরে



**তানজিমা পারভিন ● হরিশ্চন্দ্রপুর**

**আপনজন:** তৃণমূলে টাকা ছাড়া কিছুই হয় না। তৃণমূল থেকে কংগ্রেসে যোগদান করে তৃণমূলকেই চোর বলে কটাক্ষ করলেন হরিশ্চন্দ্রপুর ২ ব্লকের দৌলতপুর গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন প্রধান মোবারক হোসেন। যদিও হরিশ্চন্দ্রপুর ২ ব্লকের যুব সভাপতি মনিরুল আলম বলেন,ভিত্তিহীন কথাবার্তা বলছেন। উনিতো কংগ্রেস থেকে নির্বাচিত হয়ে প্রধান হয়েছিলেন। তারপরে আড়াই বছর তৃণমূলের প্রধান হয়ে কাজ করেছেন। এখন আবার কংগ্রেসে ফিরেছে। আগামী ৮ সেপ্টেম্বর রয়েছে হরিশ্চন্দ্রপুরের মিলনগড় সাজ্জাদিয়া হাই মাদ্রাসার ম্যানেজিং কমিটির নির্বাচন। সোমবার বিকেলে মিলনগড় সিনিয়র মাদ্রাসা প্রাঙ্গণে ছিল বাম কংগ্রেসের কর্মীসভা। সেই কর্মীসভায় প্রায় দুই শতাধিক কর্মী সমর্থকদের নিয়ে তৃণমূলে যোগদান করেন প্রাক্তন প্রধান মোবারক। ওই দল ত্যাগীদের হাতে তৃণমূলের দলীয় পতাকা তুলে দিয়ে দলে স্বাগত জানান কংগ্রেস নেতা মোস্তাক আলম ও বাম নেতা জামিল ফিরদৌস।

# শস্য বীমা যোজনা নিয়ে সচেতনতা ট্যাবলো



**অমরজিৎ সিংহ রায় ● বালুরঘাট**

**আপনজন:** বাংলার শস্য বীমা যোজনা সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করতে একটি ট্যাবলোর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয় মঙ্গলবার। বালুরঘাটে অবস্থিত দক্ষিণ দিনাজপুর জেলা প্রশাসনিক ভবনের সামনে থেকে এই প্রচার কর্মসূচি উপলক্ষে কৃষি দফতরের উদ্যোগে এই ট্যাবলোর উদ্বোধন করা হয়। বাংলা শস্য বিমা সংক্রান্ত বিষয়ে সাধারণ মানুষকে ও কৃষকদের সচেতন করতে গোটা জেলা জুড়ে আগামী কয়েকদিন আটটি গ্রাম পঞ্চায়েত ও তিনটি পুরসভা এলাকায় ঘুরবে এই ট্যাবলো। একটি অনুষ্ঠানের মধ্য দিয়ে এদিন সবুজ পতাকা নাড়িয়ে এই ট্যাবলোর শুভ উদ্বোধন করেন জেলাশাসক বিজিন কৃষ্ণা। পাশাপাশি এদিনের এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন দক্ষিণ দিনাজপুর জেলার উপ-কৃষি অধিকর্তা(প্রশাসন) প্রণব কুমার মুখার্জি, বালুরঘাট ব্লক কৃষি আধিকারিক তনয় সাহা সহ অন্যান্যরা। মূলত চাষ করার পর প্রাকৃতিক বিপর্যয় বা অন্য কোনও কারণে ফসল নষ্ট হলে এই বিমা থাকলে সহজে ক্ষতিপূরণ পাবেন কৃষকেরা। চাষযোগ্য জমি রয়েছে অর্থাৎ কৃষিকাজের সঙ্গে যারা যুক্ত, তাঁরা সকলেই এই বিমার আওতায় আসতে পারবেন।

এবিষয়ে দক্ষিণ দিনাজপুর জেলার জেলাশাসক বিজিন কৃষ্ণা জানান, 'প্রতিবছর বাংলার শস্য বীমা যোজনা সম্পর্কে ট্যাবলোর মাধ্যমে সাধারণ মানুষকে সচেতন করা হয়। প্রায় এক লাখ ৭০ হাজার কৃষকে এই প্রকল্পের আওতায় আনার জন্য রেজিস্ট্রেশন প্রক্রিয়া চলছে। এ বছর নতুন কিছু বিষয় যুক্ত করা হয়েছে।

# নারীর নিরাপত্তার দাবিতে ফরওয়ার্ড ব্লকের প্রতিবাদ মিছিল




**মোহাম্মদ জাকারিয়া ● করণদিঘী**

**আপনজন:** সারা ভারত ফরওয়ার্ড ব্লক উত্তর দিনাজপুর জেলা কমিটির পক্ষ থেকে একটি প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয় মঙ্গলবার। মিছিলটি ছিল আর.জি. কর হাসপাতালে এক মহিলা চিকিৎসকের হত্যার প্রতিবাদ এবং সেই সাথে ১৪ই আগস্ট মাধরাতে একই হাসপাতালে ঘটে যাওয়া হামলার বিরুদ্ধে উপযুক্ত শাস্তির দাবিতে।

মিছিলটি করণদিঘী বাস স্ট্যান্ড থেকে শুরু হয় এবং করণদিঘী হাই স্কুল পর্যন্ত পৌঁছে। এরপর করণদিঘী ব্লকের মাধ্যমে আবার বাসস্ট্যান্ডে ফিরে আসে। পুরো পথজুড়ে মিছিলকারীরা 'নারীর নিরাপত্তা চাই' এবং 'হামলাকারীদের কঠোর শাস্তি চাই' বলে শ্লোগান দেন। জনসাধারণের সমর্থনে মিছিলটি ক্রমশ আরও শক্তিশালী হয়ে ওঠে, যা মিছিলের উদ্দেশ্যকে পূর্ণতা দেয়।

মিছিলের শেষে সারা ভারত ফরওয়ার্ড ব্লকের জেলা সম্পাদক গোকুল রায় এক সংক্ষিপ্ত বক্তব্যে জানান, "এ ধরনের হামলা এবং নারী চিকিৎসকদের হত্যার ঘটনা সমাজের অগ্রগতির পথে বড় অন্তরায়। আমরা এর তীব্র নিন্দা জানাই এবং দোষীদের কঠোর শাস্তি দাবী করি। নারী নিরাপত্তা নিশ্চিত করতে এই ধরনের অপরাধের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়া অত্যাবশ্যক।" গোকুল রায় আরও বলেন, "কোনো ধরনের রাজনৈতিক চাপ বা প্রভাবের কারণে দোষীরা যেন ছাড়া না পায়, সেই বিষয়েও প্রশাসনের উপর দৃষ্টি রাখছি। আমরা আশা করি, প্রশাসন দ্রুত এবং সঠিক পদক্ষেপ নেবে।"

এই মিছিলের মাধ্যমে সারা ভারত ফরওয়ার্ড ব্লক স্পষ্ট বার্তা দিয়েছে যে, তারা নারীর নিরাপত্তা নিয়ে কোনোরকম আপস করতে প্রস্তুত নয়।

## নেতার কন্যাকে ধর্ষণের হুমকি, গ্রেফতার ২



**নকীব উদ্দিন গাজী ● ডা. হারবার**

**আপনজন:** সামাজিক মাধ্যমে কুরুচিকর মন্তব্য করায় উত্তর ২৪ পরগনার মিনাখা থেকে ২ গ্রেফতার করলো ডায়মন্ড হারবার থানার পুলিশ। ধৃতদের মঙ্গলবার ডায়মন্ড হারবার এডিজি আদালতে তোলা হলে বিচারক ধৃত ২ জন কে ৩ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন।

জানা যায়, সামাজিক মাধ্যমে নিজেদের ফেসবুক অ্যাকাউন্টে শাসকদলের হেভিওয়েট নেতার কন্যাকে ধর্ষণ করলে ১০ কোটি টাকার ঘোষণা করে উত্তর ২৪ পরগনার মিনাখার ২ যুবক মাসুদুর রহমান মোল্লা,জসিম উদ্দিন মোল্লা। সামাজিক মাধ্যমে এমন পোস্ট দেখে ডায়মন্ড হারবার থানায় ২ যুবকের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন ডায়মন্ডহারবারের এক বাসিন্দা। অভিযোগের পর সোমবার মিনাখা থেকে অভিযুক্ত ২ যুবককে গ্রেফতার করে ডায়মন্ড হারবার থানার পুলিশ। ধৃতদের মঙ্গলবার ডায়মন্ড হারবার এডিজি আদালতে তোলা হলে বিচারক ৩ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন। মাহাবুবার গায়েন,সরকারি আইনজীবী, এক নাবালিকা বিরুদ্ধে কুরুচিকর মন্তব্য করার জন্য পুলিশ গ্রেপ্তার করেছে।

# বিজেপির ডাকা বাংলা বনধের প্রতিবাদে বীরভূম জুড়ে মিছিল



**সেখ রিয়াজউদ্দিন ও আজিম শেখ ● বীরভূম**

**আপনজন:** আর জি করে তরুনী চিকিৎসক খুনের প্রতিবাদে ২৭ শে আগষ্ট ছাত্র সমাজের ব্যানারে নবান্ন অভিযানের ডাক দেওয়া হয়েছিল।সেখানে জনতা পুলিশের খন্ড যুদ্ধ বাঁধে কলকাতার বিভিন্ন স্থানে।সেই প্রেক্ষিতে বিজেপির পক্ষ থেকে বুধবার বারো ঘন্টা বাংলা বন্ধের ডাক দিয়েছে। বিজেপির ডাকা সেই বন্ধ ব্যার্থ করতে তথা বন্ধ যাতে না হয় তার জন্য তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে মঙ্গলবার সন্ধ্যা নাগাদ জেলার বিভিন্ন স্থানে মিছিল বের হয় এবং দোকান বাজার সহ যানবাহন যেন স্বাভাবিক থাকে সেই বার্তা ছড়িয়ে দিতে এই মিছিল বলে দলীয় নেতৃত্বের দাবি।

এদিন রামপুরহাট তৃণমূলের পার্টি অফিস থেকে একটি মিছিল বের হয় এবং স্থানীয় শহর এলাকা ঘুরে পাঁচ মাথায় শেষ হয় মিছিল। মিছিলে নেতৃত্ব দেন রাজ্যের বিধানসভার ডেপুটি স্পিকার তথা রামপুরহাটের বিধায়ক ডক্টর আশীষ বন্দ্যোপাধ্যায়। এছাড়াও ছিলেন রামপুরহাট পৌরসভার চেয়ারম্যান সৌমেন ভকত, উপ চেয়ারম্যান সুব্রত মাহারা, আই এন টি টি ইউ সির সভাপতি আব্দুর রাকিব,ছাত্র পরিষদের সভাপতি অভিষেক বন্দ্যোপাধ্যায়, রামপুরহাট শহর সভাপতি সৈয়দ সিরাজ জিম্মি প্রমূখ নেতা। অনুরূপ বিজেপির ডাকা কর্মনাশা ধর্মঘটকে ব্যর্থ করে জনসাধারণের স্বার্থে , কর্মজীবী সাধারণ মানুষের স্বার্থে তৃণমূল কংগ্রেস ছিল আগামী দিনেও থাকবে বলে আওয়াজ তোলে সিউড়ি শহর এলাকায় মিছিলে। বুধবার বিজেপির ডাকা ধর্মঘটকে ব্যর্থ করতে শহরের বিভিন্ন এলাকায় তৃণমূল কংগ্রেস কর্মীদের নিয়ে মিছিল করলেন সিউড়ি বিধানসভার বিধায়ক বিকাশ রায়চৌধুরী। জেলার বিভিন্ন প্রান্তে বিজেপির ডাকা ধর্মঘটকে প্রত্যাখ্যান করার আহ্বান জানিয়ে তৃনমূল কংগ্রেসের পক্ষ থেকে এধরনের প্রতিবাদ মিছিলের খবর পাওয়া যায়।


প্রথম নজর

## মক্কায় ভারী বৃষ্টির পূর্বাভাস, বন্যার আশঙ্কা



**আপনজন ডেস্ক:** মধ্যপ্রাচ্যের দেশ সৌদি আরবের বেশ কয়েকটি জায়গায় মঙ্গলবার থেকে শনিবার পর্যন্ত বৃষ্টিপাতের পূর্বাভাস দেওয়া হয়েছে।
এছাড়া কয়েকটি অঞ্চলে বন্যা দেখা দিতে পারে বলেও সাধারণ মানুষকে সতর্ক করা হয়েছে।
সৌদির জেনারেল ডিরেক্টরেট অব সিভিল ডিফেন্স ঝুঁকিপূর্ণ স্থানের সব বাসিন্দাকে নিরাপদ স্থানে থাকার আহ্বান জানিয়েছে।
বিশেষ করে মক্কায় ভারী থেকে অতিভারী বৃষ্টিপাত হতে পারে।
এছাড়া সেখানে শিলাবৃষ্টি, খড় স্রোত দেখা দিতে পারে। এমনকি নিম্নগামী বাতাসের কারণে ধূলি জমা হওয়ার আশঙ্কা রয়েছে।
মক্কা ছাড়াও জামুম, বাহরা এবং তাইফে খারাপ আবহাওয়া পরিলক্ষিত হতে পারে। অপরদিকে জেদ্দা, রাবিগ এবং খালিসে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে। আর মদিনা, আল বাহা, আসির, জিজান এবং নাজারে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাত হতে পারে।
আলী মাশহুর নামের এক আবহাওয়াবিদ বলেছেন, জিজানে সম্প্রতি যে পরিমাণ বৃষ্টিপাত হয়েছে তা গত ৪০ বছরে সর্বোচ্চ। এছাড়া গত ৮০ বছরে আগস্ট মাসে সেখানে এমন আবহাওয়া পরিলক্ষিত হয়নি।
এই অভিজ্ঞ আবহাওয়াবিদ আরও বলেছেন, গ্রীষ্মমণ্ডলীয় আইটিসিজেড বেল্ট, যেটি আদ্র বাতাস নিয়ে আসে, সেটি অপ্রত্যাশিতভাবে এই মৌসুমে আরব উপদ্বীপের অনেকটা ভেতরে প্রবেশ করেছে।
এটির কারণে আদ্র বাতাসের পরিমাণ বৃদ্ধি পাবে। এরফলে আরব আমিরাত, ওমান এবং ইয়েমেনে ব্যাপক বজ্রপাত এবং বন্যা দেখা দেওয়ার শঙ্কা রয়েছে।

## চাঁদের মাটি থেকে জল উৎপাদন করলেন চিনের বিজ্ঞানীরা



**আপনজন ডেস্ক:** চাঁদ থেকে সংগ্রহ করা মাটি থেকে জল উৎপাদন করতে সফল হয়েছেন চীনের বিজ্ঞানীরা। সম্প্রতি দেশটির রাষ্ট্রায়ত্ব বার্তা সংস্থা সিসিটিভির বরাত দিয়ে এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে রয়টার্স।
২০২০ সালে প্রথমবারের মতো চাঁদে নভোচারীসহ চন্দ্রযান পাঠায় চীন। এই চন্দ্রাভিযানের নাম ছিল চেং’ই-৫। অভিযানে অংশ নেয়া নভোচারীরা পর্যাপ্ত পরিমাণে চাঁদের মাটি এনেছিলেন। গবেষণায় দেখা গেছে, ওই মাটিতে বিভিন্ন খনিজের পাশাপাশি প্রচুর পরিমাণে হাইড্রোজেন রয়েছে এবং মাটিতে উচ্চ তাপমাত্রা প্রয়োগ করা হলে খনিজগুলোর সঙ্গে হাইড্রোজেনের বিক্রিয়ায় জলীয় বাস্প সৃষ্টি হচ্ছে।
সিসিটিভির প্রতিবেদনে বলা হয়েছে, ‘তিন বছর গভীর বৈজ্ঞানিক অনুসন্ধানের পর আমাদের বিজ্ঞানীরা জানতে পেরেছেন যে চাঁদের মাটি থেকে জল আহরণ সম্ভব। অদূর ভবিষ্যতে যদি মানুষ চন্দ্রপৃষ্ঠে স্পেস স্টেশন কিংবা গবেষণা কেন্দ্র নির্মাণ করতে চায়, এসব তথ্য খুবই কাজে লাগবে। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি আবিষ্কার।’
চীনের বিজ্ঞানীরা জানিয়েছেন, গবেষণায় যে পদ্ধতি তারা ব্যবহার করেছেন– সেই পদ্ধতিতে চাঁদের প্রতি এক টন মাটি থেকে সর্বনিম্ন ৫১ থেকে সর্বোচ্চ ৭৬ লিটার জল উৎপাদন সম্ভব। বস্তুত, বহু বছর ধরে চাঁদের মাটিতে খনি অনুসন্ধান তৎপরতা শুরু করতে চাইছে চীন। এ ইস্যুতে যুক্তরাষ্ট্রের সঙ্গে রীতিমতো প্রতিযোগিতা চলছে দেশটির। মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসার শীর্ষ নির্বাহী বিল নেলসন সম্প্রতি ওয়াশিংটনকে সতর্কবার্তা দিয়ে বলেছেন, বেইজিংকে থামানো না গেলে ভবিষ্যতে চাঁদের অধিকাংশ খনিজ সমৃদ্ধ অঞ্চল চীনের দখলে চলে যাওয়ার আশঙ্কা রয়েছে।

# আল-আকসা মসজিদে ইহুদি উপাসনালয় নির্মাণের ঘোষণা

**আপনজন ডেস্ক:** ইসরায়েলের জাতীয় নিরাপত্তামন্ত্রী ইতামার বেন গাভির পবিত্র আল-আকসা মসজিদ কম্পাউন্ডে ইহুদিদের জন্য একটি উপাসনালয় (সিনাগগ) নির্মাণের পরিকল্পনার ঘোষণা দিয়েছেন। এই ঘটনায় আরব বিশ্ব তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করেছে।
মঙ্গলবার কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।
সৌদি আরব এই ঘোষণার কড়া সমালোচনা করেছে এবং একে উগ্র ও চরমপন্থি মনোভাবের বহিঃপ্রকাশ বলে আখ্যায়িত করেছে। দেশটি বলেছে, এই পরিকল্পনা আন্তর্জাতিক আইন লঙ্ঘন এবং পবিত্র আল-আকসা মসজিদের মর্যাদা ও অবস্থানকে হুমকির মুখে ফেলেছে।
সৌদি আরবের বিবৃতিতে আরও বলা হয়েছে, ধর্মীয় স্থাপনার ভাঙচুর চরম অবমাননাকর ও উগ্রবাদী আচরণ হিসেবে গণ্য হয় এবং এটি বিশ্বজুড়ে মুসলিমদের অনুভূতিকে আঘাত করছে। জর্ডান এবং কাতারও এই পরিকল্পনার



### সৌদি আরবের তীব্র প্রতিক্রিয়া

নিন্দা জানিয়েছে এবং ইসরায়েলের প্রতি আল-আকসা মসজিদের পবিত্রতা ও মর্যাদা রক্ষা করার আহ্বান জানিয়েছে। তারা মনে করে, এই ধরনের পদক্ষেপ মধ্যপ্রাচ্যে উত্তেজনা বৃদ্ধি করতে পারে এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের মধ্যে অস্থিরতা সৃষ্টি করতে পারে।
এদিকে, ইসরায়েলের বর্তমান স্ট্যাটাস কো অনুযায়ী, ইহুদি এবং অন্যান্য অমুসলিমদের নির্দিষ্ট সময়ে পবিত্র আল-আকসা মসজিদ কম্পাউন্ড পরিদর্শনের অনুমতি দেওয়া হয়। তবে সেখানে প্রার্থনা করা বা ধর্মীয় প্রতীক প্রদর্শন করা তাদের জন্য নিষিদ্ধ। কিন্তু সাম্প্রতিক বছরগুলোতে উগ্র ধর্মীয় জাতীয়তাবাদীরা, বিশেষ করে বেন গাভিরের মতো ব্যক্তিরা, এই সীমাবদ্ধতাগুলোকে অগ্রাহ্য করছে। এটা মাঝে মাঝে ফিলিস্তিনিদের সঙ্গে সংঘর্ষের কারণ হয়ে দাঁড়িয়েছে।
ইহুদি ধর্মীয় সংস্থার অনেক নেতৃস্থানীয় রাব্বি আল-আকসা কম্পাউন্ডে প্রবেশকে নিষিদ্ধ বলে ঘোষণা দিয়েছেন। কারণ তাদের মতে, এটি ইহুদিদের জন্য অত্যন্ত পবিত্র স্থান এবং এখানে প্রবেশ করা ধর্মীয়ভাবে অনুচিত।
তবুও, কিছু উগ্র গোষ্ঠী আল-আকসার স্থানে একটি ‘তৃতীয় মন্দির’ নির্মাণের প্রচারণা চালিয়ে যাচ্ছে। এটা ইসরায়েলের মধ্যে শক্তি লাভ করছে। অনেক ফিলিস্তিনি এই ঘটনাকে হেব্রনের ইব্রাহিমি মসজিদ বা পিতৃপুরুষদের গুহার মতো স্থানগুলোতে ইসরায়েলের বিতর্কিত পদক্ষেপের সঙ্গে তুলনা করছেন। ওইসব জায়গায় ঐতিহাসিক মসজিদকে ভাগ করে ইহুদি উপাসনালয় স্থাপন করা হয়েছে। তৃতীয় মন্দির নির্মাণের প্রচারণা ও এই পরিকল্পনা আল-আকসার পরিস্থিতিকে আরও জটিল করতে পারে এবং এটি মধ্যপ্রাচ্যের শান্তি ও স্থিতিশীলতার জন্য বিপদ ডেকে আনতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

## আইসল্যান্ডে গুহায় বরফ ধস, মার্কিন পর্যটকের মৃত্যু



**আপনজন ডেস্ক:** ইউরোপের দেশ আইসল্যান্ডে একটি গুহায় বরফ ধসে এক মার্কিন পর্যটক নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরো এক মার্কিন পর্যটক। এক প্রতিবেদনে সংবাদমাধ্যম বিবিসি জানিয়েছে, আইসল্যান্ডের দক্ষিণাঞ্চলের ব্রিডামারকুরজকুল হিমবাহে এই দুর্ঘটনাটি ঘটে। বিভিন্ন দেশ থেকে আগত ২৩ জনের একটি ভ্রমণার্থীর দল হিমবাহের নিচে অবস্থিত প্রাকৃতিক গুহা দেখতে সেখানে একত্রিত হন। কর্তৃপক্ষ জনায়, ভ্রমণার্থীরা গুহায় ঢুকলে তাদের ওপর ভেঙ্গে পড়ে সেটি।একজনকে ঘটনাস্থলেই মৃত ঘোষণা করা হয়। আহত একজন নারীকে চিকিৎসার জন্য হাসপাতালে নেয়া হয়েছে। তবে তার আঘাত গুরুতর নয়।

ছড়িয়ে-ছিটিয়ে

## ফ্রান্সে বামপন্থী জোটকে সরকার গড়তে ডাকবেন না মাক্রোঁ



**আপনজন ডেস্ক:** ফ্রান্সে বামপন্থী-জোট সরকার গঠন করতে চেয়েছিল। তবে তা খারিজ করে দিয়েছেন প্রেসিডেন্ট মাক্রোঁ। এতে ইমপিচমেন্ট প্রস্তাব আনতে চায় বামেরা।
সোমবার প্রেসিডেন্ট মাক্রোঁ জানিয়েছেন, রাজনৈতিক অচলাবস্থা কাটাতে তিনি বামপন্থিদের সরকার গঠন করতে ডাকবেন না। এরপরই বামপন্থিরা মাক্রোঁর সমালোচনায় মুখর হয়েছে।
মাক্রোঁর যুক্তি, বামপন্থি সরকার স্থায়ী হবে না। বামপন্থিদের এই জোটে আছে লেফট ফ্রান্স আনবাউন্ড (এলএফআই), সোস্যালিস্ট, কমিউনিস্ট ও গ্রিনরা। এই জোটই গত নির্বাচনে সবচেয়ে বেশি আসন পেয়েছিল। ৫৭৭ আসনের ন্যাশনাল অ্যাসেম্বলিতে বামপন্থিরা পেয়েছিল ১৯০টি আসন, মাক্রোঁর দলের নেতৃত্বাধীন জোট পায় ১৬০টি আসন। দক্ষিণপন্থীরা ১৪০টি আসন।
গ্রিন পার্টি মাক্রোঁর সমালোচনা করে বলেছে, তিনি ভোটের ফলাফলকে উপেক্ষা করছেন।
এলএফআই বলেছে, তারা ইমপিচমেন্ট প্রস্তাব আনা যায় কিনা তা খতিয়ে দেখছে।
বাম জোট দাবি করছে, তাদের সরকার গঠনের অধিকার আছে। কিন্তু মাক্রোঁর জোট এবং ডানপন্থিরা তাদের আটকাতে চাইছে। বামেরা সরকার গঠন করলে তারা একজোট হয়ে অনাস্থা প্রস্তাব এনে সরকারের পতন ঘটাবে।
মাক্রোঁ বলেছেন, তিনি এমন একজন প্রধানমন্ত্রীকে বেছে নিতে চান না, যিনি পার্লামেন্টে অনাস্থা প্রস্তাবের মোকাবিলা করতে পারবেন না। তিনি বলেছেন, ‘আমার দায়িত্ব হলো, দেশে যেন অচলাবস্থা তৈরি না হয় বা দেশ যেন দুর্বল হয়ে না পড়ে।’
তিনি সব রাজনৈতিক দলের নেতাদের বলেছেন, তারা যেন আরও দায়িত্বশীল হন এবং পরিস্থিতির মোকাবিলা করতে সাহায্য করেন।
এদিকে, এলএফআই-এর জাতীয় কোঅর্ডিনেটর ম্যানুয়েল বম্পার্ড বলেছেন, মাক্রোঁর কথা মেনে নেয়া যায় না। তিনি অগণতান্ত্রিক কথা বলছেন।’
এলএফআই জানিয়েছে, তারা মানুষের কাছে আবেদন জানিয়ে বলবে, মানুষই যেন এর উপযুক্ত জবাব দেয়। তাছাড়া প্রেসিডেন্টের বিরুদ্ধে ইমপিচমেন্ট প্রস্তাব নিয়েও রাজনীতিকদের ভাবতে অনুরোধ করা হয়েছে।

## আগামী বছরের বিদেশি শিক্ষার্থীর সংখ্যা বেঁধে দিল অস্ট্রেলিয়া

**আপনজন ডেস্ক:** অস্ট্রেলিয়া আগামী বছর থেকে বিদেশি শিক্ষার্থীর সংখ্যা সীমিত করার পরিকল্পনা করেছে। দেশটির সরকার মঙ্গলবার এ তথ্য জানিয়েছে। এর মাধ্যমে অভিবাসন বিষয়ে রাজনৈতিক চাপের মুখে দেশটির বহু কোটি ডলারের আন্তর্জাতিক শিক্ষা শিল্পকে নিয়ন্ত্রণ করা হবে।
শিক্ষামন্ত্রী জেসন ক্লেয়ার এক সংবাদ সম্মেলনে এদিন বলেন, ২০২৫ সালে বিশ্ববিদ্যালয়, উচ্চশিক্ষা ও কারিগরি প্রশিক্ষণের জন্য আন্তর্জাতিক শিক্ষার্থীর নতুন সংখ্যা দুই লাখ ৭০ হাজারে সীমাবদ্ধ থাকবে।
তিনি পরিকল্পনা প্রকাশের সময় বলেন, ‘এর অর্থ হবে কিছু বিশ্ববিদ্যালয়ে এই বছরের তুলনায় পরের বছর শিক্ষার্থীর সংখ্যা কমবে। অন্যদের ক্ষেত্রে বেশি হবে।’ এ পরিকল্পনা বাস্তবায়নের জন্য আইনের প্রয়োজন হবে বলেও জানান তিনি।
সরকারি তথ্য অনুযায়ী, ২০২৩ সালে অস্ট্রেলিয়ার বিশ্ববিদ্যালয় ও কারিগরি শিক্ষা কেন্দ্রে বিদেশি শিক্ষার্থীরা ৪২ বিলিয়ন অস্ট্রেলীয় ডলার (২৮ বিলিয়ন মার্কিন ডলার) অর্থনৈতিক মূল্য প্রদান করেছে।
এ ছাড়া কর্তৃপক্ষ ২০২৩ সালের ৩০ জুন শেষ হওয়া অর্থবছরে পাঁচ লাখ ৭৭ হাজারেরও বেশি আন্তর্জাতিক শিক্ষার্থীর ভিসা মঞ্জুর করেছে।
ক্লেয়ার বলেন, এই পরিবর্তনের ফলে করোনা মহামারির আগে আন্তর্জাতিক শিক্ষার্থীর সংখ্যা যেমন ছিল, আগামী বছর তেমন হবে।
সরকার জানিয়েছে, ২০২৫ সালে বিশ্ববিদ্যালয়ে এক লাখ ৪৫




হাজার, অন্যান্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ৩০ হাজার এবং কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণের জন্য ৯৫ হাজার নতুন বিদেশি শিক্ষার্থী অনুমতি পাবে।
এদিকে ইউনিভার্সিটিস অস্ট্রেলিয়ার চেয়ার ডেভিড লয়েড বলেন, ‘আমরা সরকারের অভিবাসন সংখ্যা নিয়ন্ত্রণের অধিকারকে স্বীকার করি।
কিন্তু এটি কোনো একটি খাতের ক্ষতির বিনিময়ে করা উচিত নয়, বিশেষ করে যেটি অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ, যেমন শিক্ষা।’ তিনি উল্লেখ করেন, আন্তর্জাতিক শিক্ষার্থীরা খনিশিল্পের পর অস্ট্রেলিয়ার দ্বিতীয় বৃহত্তম শিল্প ছিল, যা গত বছর অস্ট্রেলিয়ার অর্থনীতিতে অর্ধেকেরও বেশি প্রবৃদ্ধিতে অবদান রেখেছে।
তিনি আরো বলেন, বিদেশি শিক্ষার্থীদের কাছ থেকে আসা প্রতিটি ডলার অস্ট্রেলিয়ার বিশ্ববিদ্যালয়গুলোতে ফের বিনিয়োগ করা হয়। এখন শিক্ষার্থীর সংখ্যা কমে গেলে বিশ্ববিদ্যালয়গুলোতে অর্থায়নের ব্যবধান বাড়বে, একই সঙ্গে সহায়তার প্রয়োজনও বৃদ্ধি পাবে।
প্রধানমন্ত্রী অ্যান্থনি অ্যালবানিজ এই মাসে শিল্পটিকে অস্ট্রেলিয়ার জন্য ‘অত্যন্ত গুরুত্বপূর্ণ’ হিসেবে উল্লেখ করেছিলেন।
তবে তিনি এ-ও বলেন, বিশ্ববিদ্যালয়গুলোকে বিদেশি শিক্ষার্থীদের ওপর অতিরিক্ত নির্ভরশীল হওয়া উচিত নয়, কারণ এর অভিবাসন সম্পর্কিত প্রভাব রয়েছে।
এ ছাড়া শিক্ষামন্ত্রী বলেছেন, অস্ট্রেলিয়ার সরকার আন্তর্জাতিক শিক্ষা শিল্পকে দুর্বৃত্তদের কাছ থেকে রক্ষার পরিকল্পনা করছে, যারা এটিকে শোষণ করার চেষ্টা করে। সম্প্রতি দেড় শতাধিক ‘ভূতুড়ে কলেজ’ বন্ধ করে দেওয়া হয়েছে বলেও জানান তিনি, যেগুলো আসলে শিক্ষার জন্য নয়, বরং অস্ট্রেলিয়ায় কাজ করার জন্য লোকদের পরোক্ষভাবে সুযোগ দেয়।


## মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রীর বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের অভিযোগ



**আপনজন ডেস্ক:** মালয়েশিয়ার সাবেক রাজা সম্পর্কে নেতিবাচক মন্তব্যের কারণে দেশটির সাবেক প্রধানমন্ত্রী ও বর্তমান বিরোধীদলীয় নেতা মুহিউদ্দিন ইয়াসিনের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের অভিযোগ আনা হয়েছে। মঙ্গলবার (২৭ আগস্ট) মুহিউদ্দিন ইয়াসিনের আইনজীবীর বরাত দিয়ে এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। মালয়েশিয়ার উত্তরাঞ্চলীয় গুয়া মুসাং শহরে আদালতের বাইরে সাবেক মালয়েশীয় প্রধানমন্ত্রীর এই আইনজীবী সাংবাদিকদের বলেন, ৭৭ বছর বয়সী এই রাজনীতিবিদ দোষী নন। চলতি মাসে উপ-নির্বাচনের আগে মুহিউদ্দিন রাষ্ট্রদ্রোহী বক্তব্য দেন বলে অভিযোগ উত্থাপন করা হয়। ওই বক্তব্যে তিনি চরম প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ভোটের পর প্রধানমন্ত্রী হিসেবে তার প্রতিদ্বন্দ্বীকে নিয়োগের জন্য রাজার ২০২২ সালের সিদ্ধান্ত নিয়ে প্রশ্ন তুলেছিলেন। তার এমন মন্তব্যকে সুলতান আবদুল্লাহ সুলতান আহমেদ শাহের প্রতি অবমাননা হিসেবে মনে করা হচ্ছে। তিনি ২০১৯ সাল থেকে চলতি বছরের জানুয়ারি পর্যন্ত মালয়েশিয়ার রাজা হিসেবে দায়িত্বপালন করেন।
উল্লেখ্য, ২০২২ সালের নির্বাচনের পর আনোয়ার ইব্রাহিম একটি জোট গঠন করতে সক্ষম হওয়ায় রাজা সুলতান আবদুল্লাহ সুলতান আহমেদ শাহ তাকেই প্রধানমন্ত্রী নিযুক্ত করেন। মূলত মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশ মালয়েশিয়ায় রাজার অবস্থান গভীরভাবে সম্মানিত এবং এটি একটি আলঙ্কারিক পদ। তবে সাম্প্রতিক বছরগুলোতে দেশটিতে রাজনৈতিক স্থিতিশীলতা আনতে ক্রমবর্ধমান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন রাজা। আইন অনুযায়ী, রাজার মর্যাদা ক্ষুন্ন করলে ঔপনিবেশিক যুগের রাষ্ট্রদ্রোহ আইনের অধীনে বিচার করা যেতে পারে। এতে দোষী সাব্যস্ত ব্যক্তির জরিমানা এবং তিন বছর পর্যন্ত কারাদণ্ডের বিধান রয়েছে। সাবেক প্রধানমন্ত্রীর এই আইনজীবী জানান, মুহিউদ্দিনের পরবর্তী শুনানির জন্য আগামী ৪ নভেম্বর দিন ধার্য করেছেন গুয়া মুসাং আদালত। ২০২০ থেকে ২০২১ সালের মধ্যে ১৭ মাস মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর দায়িত্বে ছিলেন মুহিউদ্দিন ইয়াসিন।

**সেহেরী ও ইফতারের সময়**

সেহেরী শেষ: ভোর ৩.৫৫মি.
ইফতার: সন্ধ্যা ৬.০৩ মি.



**নামাজের সময় সূচি**

| ওয়াক্ত | শুরু | শেষ |
|---|---|---|
| ফজর | ৩.৫৫ | ৫.১৮ |
| যোহর | ১১.৪৩ | |
| আসর | ৪.০৯ | |
| মাগরিব | ৬.০৩ | |
| এশা | ৭.১৫ | |
| তাহাজ্জুদ | ১১.০১ | |

## সুদানে বাঁধ-ভাঙা বন্যায় ৬০ জনের মৃত্যু



**আপনজন ডেস্ক:** যুদ্ধবিধ্বস্ত সুদানে ভারী বৃষ্টিপাতের কারণে হঠাৎ করে একটি বাঁধ ভেঙে অন্তত ৬০ জন নিহত হয়েছেন। এই ঘটনায় আরো অনেকে নিখোঁজ রয়েছে। এখনো তল্লাশি অভিযান চলছে। ধারণা করা হচ্ছে, মৃতের সংখ্যা আরো বাড়তে পারে।
গত রোববার রাতে দেশটির কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রণালয় জানায়, ভারী বৃষ্টিপাতের কারণে শনিবার রাতে পোর্ট সুদান শহরের উত্তর দিকের আরবাত বাঁধ ভেঙে যায়। এতে করে বন্যা দেখা দেয়। এতে অনেক বাড়ি-ঘর ভেসে যায়।

## গাজায় ত্রাণ কার্যক্রম স্থগিত, জানিয়ে দিল জাতিসংঘ



**আপনজন ডেস্ক:** গাজা উপত্যকার কেন্দ্রস্থল থেকে ফিলিস্তিনিদের অন্যত্র সরে যাওয়ার নির্দেশনা দিয়েছে ইসরায়েলি সেনারা। তাদের এই আদেশের কারণে গাজা উপত্যকায় ত্রাণসহায়তা কার্যক্রম সাময়িকভাবে স্থগিত করতে বাধ্য হয়েছে জাতিসংঘ। সোমবার জাতিসংঘের একজন সিনিয়র কর্মকর্তা এ কথা জানিয়েছেন।
তিনি বলেছেন, আমরা যে পরিস্থিতিতে আছি সেই পরিস্থিতিতে আমরা আজকে খাবার সরবরাহ করতে পারছি না। আজ সকাল পর্যন্ত আমরা গাজায় কাজ করছি না।
তিনি আরো বলেছেন, ইসরায়েলের ঘোষিত মানবিক অঞ্চলের কিছু অংশসহ দেইর আল-বালাহ শহর খালি করার নির্দেশ দেয়া হয়েছে। এই এলাকায় জাতিসংঘের প্রধান ত্রাণ সহায়তা পরিচালনা কেন্দ্র। কিন্তু ইসরায়েলি নির্দেশনা দেয়ার পরপরই কর্মীদের দ্রুত সরিয়ে ফেলতে হয়েছে। এমনকি বিভিন্ন সরঞ্জাম সেখানেই ফেলে আসতে হয়েছে। তবে জাতিসংঘের কর্মকর্তা বলছেন, জাতিসংঘের সংস্থাগুলো গাজা ছেড়ে যাবে না। নিরাপদে কাজ করার জন্য তারা এখন নতুন জায়গার খোঁজ করছেন।
ফিলিস্তিনি শরণার্থী বিষয়ক জাতিসংঘের সংস্থা ইউএনআরডব্লিউএ-এর সিনিয়র ডেপুটি ফিল্ড ডিরেক্টর স্যাম রোজ সতর্ক করে বলেছেন, জাতিসংঘের কর্মী ও ফিলিস্তিনি বেসামরিক নাগরিকদের গাজার খুব ছোট ছোট এলাকায় সংকুচিত করে ফেলা হচ্ছে।

## নাইজেরিয়ায় ভারী বৃষ্টিপাত ও বন্যায় ৪৯ জনের মৃত্যু, বাস্তুচ্যুত কয়েক হাজার



**আপনজন ডেস্ক:** পশ্চিম আফ্রিকার দেশ নাইজেরিয়ায় ভারী বৃষ্টিপাতের ফলে সৃষ্ট বন্যায় অন্তত ৪৯ জনের মৃত্যু হয়েছে। এছাড়া বাস্তুচ্যুত হয়েছেন হাজারো মানুষ।
সোমবার (২৬ আগস্ট) দেশটির জাতীয় জরুরি ব্যবস্থাপনা সংস্থা ( নেমা) এক বিবৃতিতে এ তথ্য জানিয়েছে।
সংস্থাটির মুখপাত্র মানজো ইজেকিয়েল বলেন, ‘কয়েক দিনের ভারী বৃষ্টিতে উত্তর-পূর্ব দিকের জিগাওয়া, আদমাওয়া ও তারাবা রাজ্যে ভয়াবহ অবস্থা দেখা দিয়েছে। এসব রাজ্যের ৪১ হাজার ৩৪৪ জন বাস্তুচ্যুত হয়েছে।’
২০২২ সালে নাইজেরিয়ায় এক দশকের বেশি সময়ের মধ্যে সবচেয়ে ভয়াবহ বন্যা হয়েছিল। তখন দেশটিতে ৬০০ এর বেশি মানুষ মারা গিয়েছিল। স্থানচ্যুত হয়েছিল ১৪ লাখের বেশি মানুষ। প্রায় ৪ লাখ ৪০ হাজার হেক্টর কৃষিজমি ধ্বংস হয়েছিল। পশ্চিম আফ্রিকার দেশটিতে চলমান বন্যায় এরই মধ্যে প্রায় ৬৯৩ হেক্টর কৃষিজমি ধ্বংস হয়েছে। আগামী আরও কয়েক মাস দেশটিতে ভারী বৃষ্টি হতে পারে বলে শঙ্কা প্রকাশ করেছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা।

AMF আল-আমীন ফাউন্ডেশন
একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান
পরিচালনায় : জি ডি মনিটরিং কমিটি
জনাব মোস্তাক হোসেন
চেয়ারম্যান
বোর্ড অফ ট্রাস্টি
আসন সীমিত
বালক ও বালিকা বিভাগ
২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে
একাদশ শ্রেণিতে ভর্তি চলছে
মাধ্যমিকের মার্কশিট নিয়ে দ্রুত যোগাযোগ করুন
মাধ্যমিক ২০২৪-এ আমাদের সাফল্য



আফিক আরিফ মণ্ডল প্রাপ্ত নম্বর - 650
ফিরোজ মোল্লা প্রাপ্ত নম্বর - 633
তামীম হোসেন হালদার প্রাপ্ত নম্বর - 632
৫ জন ৯০ শতাংশের উর্ধ্বে
১৭ জন স্টার মার্কস-সহ ৭৫ জন শিক্ষার্থী প্রথম বিভাগে উত্তীর্ণ
ডে স্কলার ছাত্রছাত্রীদেরও ব্যবস্থা আছে
স্বনামধন্য শিক্ষকমণ্ডলী দ্বারা ক্লাস করানো হয়
দ্বাদশ শ্রেণি থেকে নিটের প্রস্তুতির জন্য যথাযথ ব্যবস্থা আছে
EDUCARE FOUNDATION
(A Unit of Al-Ameen Foundation)
ADMISSION OPEN
WBCS Coaching
রেজিস্টার্ড অফিস: আল-আমীন ফাউন্ডেশন, যোগীবটতলা, বারুইপুর-৭০০১৪৪
8910851687/8145013557/9831620059
Email- amfbaruipur@gmail.com

আপনজন
ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর
১৯ বর্ষ, ২৩৩ সংখ্যা, ১২ ভাদ্র ১৪৩১, ২২ সফর, ১৪৪৬ হিজরি

## অনিশ্চিত যাত্রা

জীবন্ত আগ্নেয়গিরির মতো টগবগ করিয়া ফুটিতেছে মধ্যপ্রাচ্য। হঠাৎ হঠাৎ আক্রমণের অগ্ন্যুৎপাত হইতেছে এবং বৃহত্তর ও অধিক বিপর্যয়কর অগ্ন্যুৎপাতের আশঙ্কায় প্রহর গুনিতেছে মধ্যপ্রাচ্যের কোটি কোটি মানুষ। ইসরাইল ও লেবাননের হিজবুল্লাহ গোষ্ঠীর মধ্যে গত রবিবারের পালটাপালটি হামলার ঘটনায় দুই পক্ষ 'সর্বাত্মক' যুদ্ধের দিকে অগ্রসর হইবে কি না-তাহা এখনো স্পষ্ট নহে। যদিও ইসরাইল ও হিজবুল্লাহ নেতারা বলিতেছেন, তাহারা আরো একটি পূর্ণমাত্রার যুদ্ধ চাহেন না। তবে উভয় পক্ষই বলিতেছে, যদি যুদ্ধ করিতেই হয় তাহা হইলে তাহার জন্য উভয় পক্ষই প্রস্তুত রহিয়াছে। স্বাভাবিকভাবেই আশঙ্কা জাগিতেছে, এই সংঘাত মধ্যপ্রাচ্যকে সর্বাত্মক যুদ্ধের দিকে ধাবিত করিতে পারে।

ইসরাইল ও লেবাননের হিজবুল্লাহ গোষ্ঠীর মধ্যে গত রবিবারের পালটাপালটি হামলাটি ছিল মর্যাদার লড়াই। কারণ, গত ৩০ জুলাই হিজবুল্লাহর জ্যেষ্ঠ কমান্ডার ফুয়াদ শোকর বৈরুতে ইসরাইলি হামলায় নিহত হইবার পর ৩১ জুলাই হামাস নেতা ইসমাইল হানিয়া ইরানের রাজধানী তেহরানে অন্য এক হামলায় প্রাণ হারাইয়াছেন। এমতাবস্থায় লেবাননের হিজবুল্লাহ গোষ্ঠীর ইসরাইলে হামলা করাটা ছিল মর্যাদার বিষয়। সেই কারণে শোকর ও হানিয়া হত্যার পর গত প্রায় ২৫ দিন ধরিয়া হিজবুল্লাহ ও ইরানের নিকট হইতে ইসরাইলের বিরুদ্ধে প্রতিশোধমূলক হামলার আশঙ্কা ছিল। যদিও হিজবুল্লাহ ইসরাইলে হামলা করিলেও ইরানের পক্ষ হইতে এখন পর্যন্ত কোনো প্রতিশোধমূলক হামলা হয় নাই। ইসরাইলের ১১টি সামরিক লক্ষ্যবস্তুতে ৩২০টির অধিক কাতিউশা রকেট হামলা চালাইবার পর হিজবুল্লাহর বিবৃতি হইতে ইহা আপাতত স্পষ্ট হইতেছে যে, তাহারা শীঘ্র আর ইসরাইলের উপর এই রকম হামলা চালাইবে না। ইসরাইল অবশ্য বলিতেছে, হিজবুল্লাহ হামলা চালাইবার গোপন সংবাদ পাইয়া ইসরাইল আগেভাগেই দেশটির উত্তর দিক লেবানন সীমান্তে বিমান হামলা চালায়, যাহাতে অন্তত তিন জন নিহত হইয়াছেন।

হিজবুল্লাহর জ্যেষ্ঠ কমান্ডার ফুয়াদ শোকর হত্যার প্রতিশোধ লইতে মর্যাদা রক্ষার এই হামলার মধ্য দিয়া হিজবুল্লাহ বলিতেছে, ইহার ভিতর দিয়া হামলার 'প্রথম পর্যায়' সম্পন্ন হইল। ইহার অর্থ হইল, প্রতিশোধের আরো পর্যায় রহিয়াছে। ইরান অবশ্য পূর্বেই জানাইয়াছে, যদি ইসরাইলের সহিত যুদ্ধ বাধিয়া যায়, তাহা হইলে তাহারা হিজবুল্লাহকে সর্বাত্মক সমর্থন ও সহযোগিতা দিবে। এই প্রেক্ষাপটে ইসরাইলি দৈনিক পত্রিকা 'হারেজ' সম্পাদকীয়তে লিখিয়াছে, (হিজবুল্লাহ ও হামাসের দুই জন কমান্ডারের) এই সকল হত্যাকাণ্ড ও সামরিক চাপ বাড়াইয়া গাজা উপত্যকায় জিম্মি হইয়া থাকা ইসরাইলিদের মুক্ত করা যাইবে না। হামাস ১১৫ জনকে ধরিয়া লইয়া জিম্মি করিয়া রাখিয়াছে, যাহাদের অর্ধেক এখন বাঁচিয়া আছে আর কয়েক জন ছাড়া পাইয়াছেন। একটা সমঝোতা চুক্তিতে না আসিলে বাকিরা ছাড়া পাইবেন না।

এই সংকটময় পরিস্থিতি হইতে উত্তরণের একমাত্র উপায় হিসাবে গাজায় যুদ্ধবিরতি ও হামাসের সহিত সমঝোতা চুক্তি করিবার কথা বলা হইতেছে। মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ইতিপূর্বে বলিয়াছেন, তিনি ৩১ মে যেই পরিকল্পনাটির প্রস্তাব (রোড ম্যাপ) করিয়াছিলেন তাহা ইসরাইলের সহিত সমন্বয়ের মাধ্যমে তৈরি করা হইয়াছিল। ইহার মধ্যে রহিয়াছে ছয় সপ্তাহের যুদ্ধবিরতি, জিম্মি-বন্দি বিনিময় এবং গাজার পুনর্গঠন। বিশ্লেষকরা মনে করিতেছেন, প্রেসিডেন্ট বাইডেনের রূপরেখা অনুযায়ী জিম্মিদের মুক্ত করা, যুদ্ধের অবসান ঘটানো, সৌদি আরবের সহিত সম্পর্ক স্বাভাবিক করা আর ইসরাইল-ফিলিস্তিন সংঘাত নিরসনে সমঝোতা শুরুর মধ্য দিয়াই মধ্যপ্রাচ্যের জীবন্ত আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত বন্ধ করা সম্ভব। জো বাইডেনের দেওয়া রোড ম্যাপ অনুযায়ী চুক্তির বিষয়ে দৃশ্যমান কোনো অগ্রগতি এখনো দেখা যাইতেছে না। যুদ্ধ কখনো অধিক রক্তপাতের ভিতর দিয়া বন্ধ হয় না। রক্তপাতের শেষ থাকে না, যদি যুদ্ধ বন্ধের জন্য কার্যকর আলোচনা না হয়। আলোচনার ভিতর দিয়া সমঝোতা ব্যতীত যুদ্ধ কখনো শেষ হয় নাই। এখন, আলোচনা-সমঝোতাই যখন যুদ্ধ বন্ধের প্রধান দাওয়াই, তাহা হইলে এত রক্তপাত কেন? আর কত রক্ত ঝরা শেষ হইলে তাহারা আলোচনায় বসিতে বাধ্য হইবে?

• • • • • • • • • • • •

# মার্কিন নির্বাচনে মুসলিম ভোটের দাম বাড়ল যেভাবে




যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন যতই ঘনিয়ে আসছে, ততই রাজনৈতিক দলগুলোর মধ্যে ভোটারদের আকৃষ্ট করার চেষ্টা তীব্র হচ্ছে। বিশেষ করে দোদুল্যমান ভোটার অধ্যুষিত যে কয়টি এলাকায় ডেমোক্র্যাট এবং রিপাবলিকানদের মধ্যে হাড্ডাহাড্ডি লড়াই হয়ে থাকে সেসব এলাকায় মুসলমান সম্প্রদায়ের সমর্থন গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। যদিও মুসলমানরা আমেরিকান জনসংখ্যার মাত্র ১ শতাংশ; তারপরও তারা একটি গুরুত্বপূর্ণ ভোট ব্যাংক। কারণ তাঁরা এমন সব দোদুল্যমান অঞ্চল বা সুইং স্টেটগুলোতে কেন্দ্রীভূত হয়ে আছেন যেখানে অতি অল্প ভোটের ব্যবধানে নির্বাচনী ফল নির্ধারিত হয়ে থাকে। এই নির্বাচনী চক্রে মুসলিম সম্প্রদায় একটি একক রাজনৈতিক ইস্যুতে আগের যে কোনো সময়ের চেয়ে এবার অনেক বেশি ঐক্যবদ্ধ বলে মনে হচ্ছে। সেই ইস্যুটি হলো গাজা যুদ্ধ। লিখেছেন **ডালিয়া মোগাহেদ ও সাহের সেলোদ**




যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন যতই ঘনিয়ে আসছে, ততই রাজনৈতিক দলগুলোর মধ্যে ভোটারদের আকৃষ্ট করার চেষ্টা তীব্র হচ্ছে। বিশেষ করে দোদুল্যমান ভোটার অধ্যুষিত যে কয়টি এলাকায় ডেমোক্র্যাট এবং রিপাবলিকানদের মধ্যে হাড্ডাহাড্ডি লড়াই হয়ে থাকে সেসব এলাকায় মুসলমান সম্প্রদায়ের সমর্থন গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

যদিও মুসলমানরা আমেরিকান জনসংখ্যার মাত্র ১ শতাংশ; তারপরও তারা একটি গুরুত্বপূর্ণ ভোট ব্যাংক। কারণ তাঁরা এমন সব দোদুল্যমান অঞ্চল বা সুইং স্টেটগুলোতে কেন্দ্রীভূত হয়ে আছেন যেখানে অতি অল্প ভোটের ব্যবধানে নির্বাচনী ফল নির্ধারিত হয়ে থাকে।

এই নির্বাচনী চক্রে মুসলিম সম্প্রদায় একটি একক রাজনৈতিক ইস্যুতে আগের যে কোনো সময়ের চেয়ে এবার অনেক বেশি ঐক্যবদ্ধ বলে মনে হচ্ছে। সেই ইস্যুটি হলো গাজা যুদ্ধ।

এই বাস্তবতায় যে প্রার্থীই মুসলিম ভোটারদের বড় অংশের ভোট পেতে চাইবেন, তাঁকেই ফিলিস্তিনে রক্তপাত বন্ধের জন্য মুসলিম সম্প্রদায়ের দাবিগুলোকে আমলে নিতে হবে।

গবেষণা প্রতিষ্ঠান এমগেজ অ্যান্ড চেঞ্জ রিসার্চ এবং ইনস্টিটিউট ফর সোশ্যাল পলিসি অ্যান্ড আন্ডারস্ট্যান্ডিং (আইএসপিইউ)-এর একটি যৌথ সমীক্ষা প্রতিবেদনে এমনটিই বলা হচ্ছে। গত জুনের শেষ থেকে জুলাইয়ের শুরু নাগাদ জরিপটি চালানো হয়। জর্জিয়া, পেনসিলভানিয়া এবং মিশিগান–এই তিনটি সুই স্টেটের মুসলমানেরা ২০২৪ সালের প্রেসিডেন্ট নির্বাচনে কোন কোন প্রার্থীকে ভোট দিতে চান তার ওপর জরিপ চালিয়ে প্রতিবেদনটি তৈরি করা হয়।

> এই নির্বাচনী চক্রে মুসলিম সম্প্রদায় একটি একক রাজনৈতিক ইস্যুতে আগের যে কোনো সময়ের চেয়ে এবার অনেক বেশি ঐক্যবদ্ধ বলে মনে হচ্ছে। সেই ইস্যুটি হলো গাজা যুদ্ধ।
> এই বাস্তবতায় যে প্রার্থীই মুসলিম ভোটারদের বড় অংশের ভোট পেতে চাইবেন, তাঁকেই ফিলিস্তিনে রক্তপাত বন্ধের জন্য মুসলিম সম্প্রদায়ের দাবিগুলোকে আমলে নিতে হবে।
> গবেষণা প্রতিষ্ঠান এমগেজ অ্যান্ড চেঞ্জ রিসার্চ এবং ইনস্টিটিউট ফর সোশ্যাল পলিসি অ্যান্ড আন্ডারস্ট্যান্ডিং (আইএসপিইউ)-এর একটি যৌথ সমীক্ষা প্রতিবেদনে এমনটিই বলা হচ্ছে।
> গত জুনের শেষ থেকে জুলাইয়ের শুরু নাগাদ জরিপটি চালানো হয়। জর্জিয়া, পেনসিলভানিয়া এবং মিশিগান–এই তিনটি সুই স্টেটের মুসলমানেরা ২০২৪ সালের প্রেসিডেন্ট নির্বাচনে কোন কোন প্রার্থীকে ভোট দিতে চান তার ওপর জরিপ চালিয়ে প্রতিবেদনটি তৈরি করা হয়।

ওই জরিপে আমরা দেখেছি, ২০২০ সালে যে মুসলমানেরা ডেমোক্রেটিক দলের বড় সমর্থক ছিল, গাজা যুদ্ধে প্রেসিডেন্ট জো বাইডেনের অবস্থানের কারণে তারা তার তীব্র বিরোধিতাকারী হয়ে দাঁড়িয়েছেন।

২০২০ সালে এই অঙ্গরাজ্যগুলোতে ৬৫ শতাংশ মুসলমান ভোটার বাইডেনকে ভোট দিয়েছিল। এই ভোট তাঁর নির্বাচনী জয়ের জন্য অত্যাবশ্যক ছিল কারণ তিনি খুব সংকীর্ণ ব্যবধানে গুরুত্বপূর্ণ সুইং স্টেটগুলোতে জিতেছিলেন। জর্জিয়ায় বাইডেন মাত্র ১২ হাজার ভোটে জিতেছিলেন; আর ওই অঙ্গরাজ্যে ৬১ হাজারের বেশি মুসলমান ভোটার ভোট দিয়েছিলেন। একইভাবে পেনসিলভানিয়ায় বাইডেন ৮১ হাজার ভোটে জিতেছিলেন এবং সেখানে ১ লাখ ২৫ হাজার মুসলমান ভোট দিয়েছিল।

অথচ এই অঙ্গরাজ্যগুলোতে চালানো জরিপে এখন দেখা গেছে, সেখানে মাত্র ১২ শতাংশ ভোটার বাইডেনকে ভোট দিতে রাজি ছিলেন। যে সময়টাতে জরিপটি চালানো হয়েছিল, সে সময় বাইডেন প্রেসিডেন্ট প্রার্থী ছিলেন। সে সময়ে কমলা হ্যারিস প্রেসিডেন্ট প্রার্থী হিসেবে আসেননি।

তবে এই জরিপ থেকে বোঝা যায়, বাইডেনের গাজা যুদ্ধ নীতি যদি ডেমোক্রেটিক পার্টি অনুসরণ করার আভাস দেয় তাহলে মুসলিম ভোটাররা বাইডেনকে যেভাবে সমর্থন দেওয়া থেকে সরে এসেছে, কমলা হ্যারিসের ক্ষেত্রেও সেই একই অবস্থানে থাকবে।

এর মধ্য দিয়ে অনুমান করা যায়, ডেমোক্রেটিক পার্টিকে সমর্থন দেওয়ার ক্ষেত্রে মুসলমান ভোটারদের যে একচেটিয়া সমর্থন ছিল, তাদের সেই মোহ ভেঙে গেছে। গাজার যুদ্ধ যুক্তরাষ্ট্রের মুসলমান ভোটারদের যেভাবে ঐক্যবদ্ধ করেছে, অন্য কোনো ইস্যু স্মরণকালের মধ্যে তা করতে পারেনি।

আইএসপিইউ ২০২০ সালে আমেরিকান মুসলমানদের মধ্যে একটি জরিপ চালিয়েছিল। সেই জরিপে দেখা গিয়েছিল, মুসলমানদের ভোটদানের ক্ষেত্রে স্বাস্থ্যসেবা (১৯ শতাংশ), অর্থনীতি (১৪ শতাংশ) এবং সামাজিক ন্যায়বিচার (১৩ শতাংশ) শীর্ষস্থানীয় অগ্রাধিকারের বিষয় ছিল। কিন্তু ২০২৪ সালের জরিপে জর্জিয়া, পেনসিলভানিয়া ও মিশিগানের মুসলমানদের ৬১ শতাংশই ভোটদানের ক্ষেত্রে গাজা যুদ্ধকে অগ্রাধিকার দিচ্ছেন।

আমাদের গবেষণায় দেখা গেছে, দল মত নির্বিশেষে মুসলমান ভোটারদের মধ্যে ইসরায়েলকে সামরিক সহায়তা হ্রাস করার বিষয়টি সমর্থন করেন। তাঁরা এই নীতিটিকে প্রার্থীকে ভোট দেওয়ার কারণ হিসাবে দেখেন।

যদিও বিদেশে চলমান অন্যান্য যুদ্ধ নিয়ে আমেরিকান অবস্থানকে মুসলিম ভোটারদের দৈনন্দিন উদ্বেগ থেকে অনেক দূরের বিষয় বলে মনে হতে পারে; তবে ইসরায়েলকে আমেরিকার নিঃশর্ত মদদ দেওয়া ও কূটনৈতিক সহায়তা দেওয়াকে তারা ফিলিস্তিনিদের ওপর নিপীড়ন চালানো হিসেবে দেখে থাকেন।

মুসলমান ভোটারদের কাছে গাজার যুদ্ধের গুরুত্ব যে কতখানি তা আমাদের জরিপ চালানোর কয়েক মাস আগেই স্পষ্ট হয়ে গিয়েছিল। ডেমোক্রেটিক পার্টির প্রার্থী বাছাইয়ের প্রাইমারিতে 'আনকমিটেড ন্যাশনাল মুভমেন্ট' নামের একটি আন্দোলনের (যার নেতৃত্বে ছিলেন মুসলমানেরা) কর্মীরা ভোটারদের বাইডেনকে ভোট না দিয়ে 'আনকমিটেড' (ব্যালটে প্রার্থী হিসেবে জো বাইডেনের নামের ঘরের পাশে 'আনকমিটেড' নামের একটি ঘর ছিল যেখানে টিক চিহ্ন দেওয়ার অর্থ ভোটার বাইডেনের বাইরে অন্য কোনো ব্যক্তিকে প্রার্থী হিসেবে দেখতে চান) ভোট দেওয়ার আহ্বান জানান। প্রাইমারিতে তখন ৭ লাখের বেশি 'আনকমিটেড' ভোট পড়েছিল। এর মাধ্যমে বাইডেন প্রশাসনকে ইসরায়েল ও ফিলিস্তিনের বিষয়ে সুর ও নীতি বদলাতে হুঁশিয়ারি দেওয়া হয়েছিল। এরপরই জর্জিয়া, মিশিগান ও পেনসিলভানিয়াতে মুসলমানদের মধ্যে ট্রাম্পের জনপ্রিয়তা বাড়তে দেখা গেছে।

বাইডেন প্রার্থিতা থেকে সরে দাঁড়ানোর পর কমলা হ্যারিস এই বিষয়টিকে গুরুত্বের সঙ্গে নিয়েছেন এবং তিনি ইসরায়েলের গাজা যুদ্ধ থেকে নিজেকে নিরাপদ দূরত্বে রাখার চেষ্টা করে যাচ্ছেন।

গত জুলাইয়ে ইসরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু ওয়াশিংটনে কংগ্রেসে যখন বক্তৃতা দেন তখন কমলা সেখানে অনুপস্থিত ছিলেন। প্রেসিডেন্ট প্রার্থী হিসেবে নিজের নাম ঘোষিত হওয়ার পর তিনি বলেছেন, গাজার দুর্দশা নিয়ে তিনি চুপ থাকবেন না এবং সেখানে যুদ্ধবিরতির জন্য তিনি চেষ্টা চালিয়ে যাবেন।

এসব দিক বিবেচনায় বোঝা যাচ্ছে, যুক্তরাষ্ট্রের নির্বাচনে দেশটির মুসলিম ভোটার এ বছর অন্য যে কোনো বারের তুলনায় অনেক বেশি প্রভাব বিস্তার করতে যাচ্ছে।

***আল জাজিরা থেকে নেওয়া ডালিয়া মোগাহেদ ইনস্টিটিউট ফর সোশ্যাল পলিসি অ্যান্ড আন্ডারস্ট্যান্ডিং (আইএসপিই)-এর প্রাক্তন গবেষণা পরিচালক সাহের সেলোদ আইএসপিইউ-এর গবেষণা পরিচালক ইংরেজি থেকে সংক্ষিপ্ত অনুবাদ***

# ফোনকল ধরতে জেন-জি ও মিলেনিয়ালসদের কেন এত অনীহা

**ইয়াসমিন রুফো**

'হাই, এটা ইয়াসমিন রুফোর ভয়েসমেইল। দয়া করে এখানে কোনো মেসেজ (বার্তা) পাঠাবেন না। কারণ, আমি তা শুনব না বা আপনাকে ফিরতি কল করব না।' এটা দুর্ভাগ্য বলতেই হবে, ওপরের কথাগুলো আমার মুঠোফোনের নয়। তবে যদি প্রশ্ন করা হয়, জেন-জি বা মিলেনিয়ালসদের মতো আপনিও কি মুঠোফোনে এভাবে সাফ কথা শুনিয়ে দিতে চান? আমার জবাবটা হবে, অবশ্যই, কেন নয়।

সম্প্রতি একটি জরিপ চালিয়েছিল যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান আরউইচ। তাতে ২ হাজার জন অংশ নিয়েছিলেন। ওই জরিপে দেখা গেছে, ১৮ থেকে ৩৪ বছর বয়সী এক-চতুর্থাংশ মানুষই ফোন ধরেন না। তাঁরা জানিয়েছেন, ফোন এলে তাঁরা এড়িয়ে যান, না হয় খুদে বার্তার মাধ্যমে জবাব দেন। আর ফোন নম্বর না চিনলে, ইন্টারনেটে খোঁজ চালিয়ে পরিচয় জানার চেষ্টা করেন।

জেন-জি ও মিলেনিয়ালসদের আগের যে প্রজন্ম রয়েছে, তাদের কাছে ফোনে কথা বলাটা অতি স্বাভাবিক একটি বিষয়। আমার মা-বাবা যখন কৈশোরে ছিলেন, তখন ল্যান্ডলাইন টেলিফোনে কথা বলার জন্য ভাই-বোনের সঙ্গে একপ্রকার লড়াইয়ে নামতেন তাঁরা। আর ফোনটি বাড়ির এমন জায়গায় থাকত যে তাঁদের কথোপকথন পুরো পরিবারই শুনতে পেত।

আমার কৈশোর ছিল এর বিপরীত। ফোনে কথা বলার চেয়ে খুদে বার্তা আমি পাঠাতাম। ১৩তম জন্মদিনে নকিয়ার একটি গোলাপি রঙের ফোন উপহার পেয়েছিলাম। তখন থেকেই বার্তা আদান-প্রদানে আসক্ত হয়ে পড়ি। প্রতিদিন স্কুল থেকে ফিরে বন্ধু-বান্ধবীদের খুদে বার্তা পাঠাতাম।



এই বার্তাগুলো লেখার ক্ষেত্রে একটি মজার বিষয় ছিল। আমরা প্রয়োজন না হলে দুই শব্দের মাঝে স্পেস (ফাঁকা জায়গা) দিতাম না। দরকার না পড়লে স্বরবর্ণও ব্যবহার করতাম না। কারণ, প্রতিটি খুদে বার্তায় সর্বোচ্চ ৬১টি অক্ষর লেখা যেত। আর একটি বার্তা পাঠাতে খরচ হতো ১০ পেন্স করে।

২০০৯ সালে মুঠোফোনে কল করার বিষয়েও ছিল মা-বাবার কড়াকড়ি। বলতেন, 'দিনরাত বন্ধুদের সঙ্গে গল্প করার জন্য তোমাকে ফোন দেওয়া হয়নি।' এসব হুমকির কারণেই হয়তো আমাদের প্রজন্ম খুদে বার্তায় আগ্রহী হয়ে পড়েছিল। বাবা-মায়ের কাছে বিষয়টি এমন ছিল–জরুরি কথা বলার জন্য মুঠোফোন, আর কদাচিৎ দাদা-দাদির সঙ্গে আলাপ করতে ব্যবহার করা যাবে ল্যান্ডলাইন।

মনোবিজ্ঞানী ড. এলেনা তৌরনির একটি ব্যাখ্যা দিয়েছেন। তা হলো তরুণদের মধ্যে মুঠোফোনে কথা বলার অভ্যাস গড়ে ওঠেনি। তাঁরা এখন ফোনে কথা বলার ক্ষেত্রে অস্বস্তিতে ভোগেন। বার্তা পাঠানোই তাঁদের কাছে স্বাভাবিক। তাই তাঁদের ফোনে যখন রিংটোন বাজে বা সাইলেন্ট থাকা অবস্থায় আলো জ্বলতে থাকে, তখন তাঁরা এক অজানা আশঙ্কায় ভোগেন।

আসউইচের জরিপে অংশ নেওয়া তরুণদের অর্ধেকের বেশি জানিয়েছেন, অনাকাঙ্ক্ষিত কোনো ফোনকল এলে, খারাপ খবর পেতে যাচ্ছেন বলে মনে করেন তাঁরা। মনোবিদ এলোইসি স্কিনারের ভাষায়, 'আমাদের জীবন যতই ব্যস্ত হয়ে পড়ছে, বন্ধুদের সঙ্গে যোগাযোগের জন্য ফোনকল করার সময় কমে আসছে। ফোনকল হয়ে উঠেছে শুধু জীবনের গুরুত্বপূর্ণ খবরের জন্যই। অনেক সময় খারাপ ও জটিল খবরের জন্যও।'

তবে ফোনে কথা না বলার অর্থ এই নয় যে তরুণসমাজ তাদের বন্ধুবান্ধবের সঙ্গে যোগাযোগ রাখছে না। ইন্টারনেটে তারা সারা দিন বন্ধুদের সঙ্গে গ্রুপ চ্যাট করে। নানা বার্তা পাঠায়, মজা করেয়, আড্ডা দেয়। এর সঙ্গে সম্প্রতি আবার যুক্ত হয়েছে চ্যাটে ভয়েস নোট (রেকর্ড করা কথা) পাঠানো। আরউইচের জরিপে দেখা গেছে, ১৮ থেকে ৩৪ বছর বয়সীদের মধ্যে ৩৭ শতাংশই ভয়েস নোট পাঠাতে পছন্দ করে। অপর দিকে ৩৪ থেকে ৫৪ বছর বয়সীদের মধ্যে এই হার মাত্র ১ শতাংশ।

১৯ বছর বয়সী শিক্ষার্থী সুসি জোনসের মতে, ফোনকলের চেয়ে ভয়েস নোটই তাঁর বেশি ভালো লাগে। কারণ, এর মাধ্যমে বন্ধুবান্ধবের কণ্ঠস্বর শোনা যায়। সঙ্গে সঙ্গে জবাব দেওয়ার কোনো চাপও থাকে না। তাই এটা যোগাযোগের আরও মার্জিত একটি উপায়।

তবে আমি সেটা মনে করি না। বন্ধুদের কাছ থেকে আসা পাঁচ মিনিট দীর্ঘ কোনো ভয়েস নোট আমার কাছে পীড়াদায়কই মনে হয়। ভয়েস নোটে তাঁরা কথা বলতে বলতে প্রসঙ্গ বদল করেন। কথার জড়তায় অনেক সময় নষ্ট হয়। এই কথাগুলো কিন্তু কয়েকটি খুদে বার্তায় বলা যেত।

### কর্মক্ষেত্রে ফোনকলের ভয়

৩১ বছর বয়সী আইনজীবী হেনরি নেলসন কেস বলছিলেন, সরাসরি কথোপকথনে নানা শঙ্কা কাজ করে। অনেক সময় প্রশ্নের তাৎক্ষণিক জবাব পাওয়া যায় না। নিজের দিক দিয়েও তাৎক্ষণিক জবাব দেওয়ার চাপ থাকে। তাই তিনি ফোনকলে কথা বলা অপছন্দ করেন। ডুনজা রেলিক নামের ২৭ বছর বয়সী আরেক আইনজীবীর মতে, ফোনকলে অনেক সময় নষ্ট হয়।

৬৪ বছর বয়সী জেমস হলটন একটি ব্যবসাপ্রতিষ্ঠানের মালিক। তিনি বলেন, তাঁর প্রতিষ্ঠানে যেসব তরুণ কর্মীরা রয়েছেন, তাঁরা খুবই কম ফোনকল ধরেন। এই কর্মীরা হয় ভয়েস মেইলে জানিয়ে দেন, তাঁরা ব্যস্ত রয়েছেন, না হয় বলেন, তাঁদের ফোন সাইলেন্ট ছিল, তাই কল গেলেও বুঝতে পারেননি। এভাবে প্রতিষ্ঠানের কর্মীদের মধ্যে যোগাযোগের সমস্যা দেখা দেয় বলে মনে করেন জেমস হলটন। তাই তিনি তরুণ কর্মীদের ফোনকলে অনীহার বিষয়টি মাথায় রেখেই কাজ চালিয়ে নিতে চান। তিনি বলেন, 'কর্মীরা যদি মনে করেন, খুদে বার্তায় যোগাযোগ করাটা তাঁদের জন্য সুবিধার, তাহলে তাঁদের এই পছন্দের প্রতি সম্মান জানানো আমার দায়িত্বের মধ্যে পড়ে।'

যদিও অনেকে বলছেন, বর্তমানে যোগাযোগের যে নতুন প্রবণতা দেখা যাচ্ছে, তাতে জেন-জি ও মিলেনিয়ালসদের 'অলস প্রজন্ম' হিসেবেই পরিচিত করছে। তাঁদের এই ধারণা কিন্তু মোটেও ঠিক নয়। এ জন্য ফেরা যেতে পারে ২৫ বছর পেছনে। তখন ফ্যাক্স বাদ দিয়ে ই-মেইলের সঙ্গে খাপ খাইয়ে নিতে অনেকেই অনীহা দেখিয়েছিলেন। তবে পরে দেখা যায় ই-মেইলই যোগাযোগ করে আরও সহজ করে তুলেছে। তাই এখন আমাদের ই-মেইলের মতো খুদে বার্তাকেও স্বাভাবিকভাবে বরণ করে নিতে হবে। ভয় ধরানো ফোনকলকে পেছনে ফেলতে হবে ২০২৪ সালেই।

**সৌ: বিবিসি**

প্রথম নজর

# রেশন দুর্নীতি মামলায় জামিন মিলল বাকিবুর, শংকর সহ তিনজনের



**নিজস্ব প্রতিবেদক ● বনগাঁ**

**আপনজন:** রেশন দুর্নীতি মামলায় এনফোর্সমেন্ট ডিরেক্টরের হাতে গ্রেফতার হওয়া বাকিবুর রহমান, শংকর আঢ্য সহ-৩ জনের জামিন মঞ্জুর করল কলকাতা হাইকোর্ট । রাজ্যের প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক রেশন দুর্নীতি মামলায় গ্রেফতার হওয়ার পর বনগাঁর সাবেক পৌর প্রধান শংকর আঢ্যকে গ্রেফতার করে এনফোর্সমেন্ট ডিরেক্টর। ওই একই অভিযোগে গ্রেপ্তার হয় বাকিবুর রহমান সহ আরও কয়েকজন । অবশেষে ৩ জনের জামিন মঞ্জুর করল কলকাতা হাইকোর্ট। বনগাঁ পুরসভার প্রাক্তন প্রধান শংকর আঢ্য প্রায় ৮ মাস জেলে বন্দি থাকার পর অবশেষে জামিনে মুক্তি পওয়ায় খবর ছড়িয়ে পড়তেই তার অনুগামীদের মধ্যে খুশির হাওয়া বইছে। এদিন দুপুরেই শঙ্কর আঢ্যর জামিনের খবর পৌঁছে যায় বনগাঁয় । আর তারপরই তাঁর অনুগামীদের মধ্যে উন্মাদনার সৃষ্টি হয় । মতিগঞ্জ এলাকায় পটকা ফাঁটিয়ে উচ্ছাসে মেতে ওঠেন মতিগঞ্জ নিমতলা ই-রিক্সা ইউনিয়নের সদস্যদের। আগামীকাল তাঁরা বনগাঁয় মিছিল বের করবেন বলেও জানান ।

# আম্বেদকর পুরস্কার প্রদান দিল্লি প্রেস ক্লাবে



**নিজস্ব প্রতিবেদক ● দিল্লি**

**আপনজন:** 'ন্যাশনাল রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশান ' দ্বারা আয়োজিত নিউ দিল্লির প্রেস ক্লাব অফ ইন্ডিয়ায় হয়ে গেল বাবাসাহেব আম্বেদকর ন্যাশনাল অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠান।
সমাজের বিভিন্ন স্তরে সফল ব্যক্তি যারা দেশের এবং সমাজের উন্নতিতে ভূমিকা রেখেছেন তাদের হাতেই তুলে দেওয়া হয়েছে এবছরের বাবাসাহেব আম্বেদকর অ্যাওয়ার্ড।
অ্যাওয়ার্ড গ্রহণ করেছেন বিশ্বজিত দাস (বিশিষ্ট সমাজসেবী ও প্রশাসনিক কর্মকর্তা,ভারত সরকার), লতিফ মন্ডল (বিশিষ্ট সমাজসেবী,জাতীয় সভাপতি,অল ইন্ডিয়া দলিত মুসলিম সুরক্ষা মহা সংঘ), উজির আলী মোল্লা (প্রধান শিক্ষক,সরবেড়িয়া উচ্চ বিদ্যালয়,সম্পাদক,সুন্দরবন এডুকেশন এন্ড মাইনোরিটি ওয়েলফেয়ার ট্রাস্ট),পুনিত কুমার সিং (পশ্চিমবঙ্গ কার্যনিবাহী সদস্য এবং জাতীয় সাধারণ সম্পাদক, জনতা দল(সেক্যুলার), ডাক্তার নবেন্দু সাহা (বিশিষ্ট সমাজসেবী), অনুষ্ঠানটি সফল করতে সাহায্য করেছেন নিলয় রায়( চেয়ারম্যান অফ ICDA ও 'পিপল'স থিয়েটার গ্রুপের প্রতিষ্ঠাতা) ও মীনাক্ষী ভট্টাচার্য ( বিশিষ্ট সাংবাদিক), সংস্থার চেয়ারম্যান সোমনাথ ঘোষ সামনে থেকে অনুষ্ঠানটি পরিচালনা করেন।

# বড়ঞার এক পরিযায়ী শ্রমিকের মৃত্যু সৌদিতে

**সাবের আলি ● বড়ঞা**



**আপনজন:** সৌদি আরবে পরিযায়ি শ্রমিকের কাজ করতে যাওয়ার পথে মৃত্যু হল এক যুবকের। গত রবিবার নুরেমান শেখ নামে বছর ৩৫এর ওই যুবকের মৃত্যু হয়েছে মুম্বাইয়ে। প্রায় দেড়মাস আগে তিনি বড়ঞা থানার ফরিদপুর গ্রাম থেকে সৌদি যাওয়ার জন্য মুম্বাই গিয়েছিলেন। যদিও মঙ্গলবার যুবকের দেহ বাড়িতে ফিরতেই গোটা গ্রাম শোকস্তব্ধ হয়ে পড়ে। মৃতের পরিবার সূত্রে জানা গিয়েছে, ওই যুবকের স্ত্রী তনুজা ছাড়াও বাড়িতে বাবা-মা সহ তিন সন্তান রয়েছে। তিনণ সন্তানের মধ্যে একটি ১২ বছরের পুত্র সন্তান ও তার থেকে বড় দুই কন্যা সন্তান রয়েছে। কাজেই গোটা পরিবার একমাত্র ওই যুবকের রোজগারের উপর নির্ভর করত।
মৃতের পরিবারের সদসরা জানিয়েছেন, নুরেমান মুম্বাইয়ে গিয়েছিলেন ভিসা সংগ্রহ করার জন্য। সেখান থেকে তিনি সোজা সৌদিতে রওনা দেওয়ার পরিকল্পনা করেছিলেন। কিন্তু গত রবিবার হঠাৎ করে মুম্বাইয়ের পরিচিতদের কাছে ফোন পেয়ে জানতে পারি উনার মৃত্যু হয়েছে। মৃতের স্ত্রী তনুজা জানান, গ্রামে রোজগার করে এতবড় সংসার চালান সম্ভব নয়। তাই সকলের সঙ্গে আলোচনা করেই উনি সৌদি যাওগার পরিকল্পনা করেছিলেন। এর আগেও একবার তিনবছরের জন্য সৌদিতে গিয়েছিলেন।
কিন্তু হঠাৎ করে সবকিছু শেষ হয়ে গেল। উনার মৃত্যুতে গোটা পরিবার পথে বসে গেল। এবার কোথা থেকে সংসার খরচ আসবে সেই চিন্তা সকলকে তাড়া করেছে। এদিকে এদিন সকালে যুবকের দেহ বাড়িতে ফিরতেই সেখানে শোকের ছায়া নেমে আসে। মৃতের গোটা পরিবার
আত্মীয়স্বজন থেকে প্রতিবেশিরা ভীড় জমিয়েছেন। পরিবারের লোকজন কান্নায় ভেঙে পড়ছেন। তাঁদের শান্ত্বনা দিচ্ছেন প্রতিবেশীরা।

# গঙ্গা ভাঙন রুখতে কেন্দ্রের উদাসীনতার প্রতিবাদে ফারাক্কা অভিযান তৃণমূলের

**নাজমুস সাহাদাত ● কালিয়াচক**




**আপনজন:** মালদা ও মুর্শিদাবাদ জেলার বড় সমস্যাগুলির মধ্যে একটা হচ্ছে গঙ্গা ভাঙ্গন। গঙ্গা নদীর তীরবর্তী এলাকায় বসবাসকারী প্রচুর গ্রাম ধ্বসে গঙ্গাবক্ষে চলে গেছে। এই রাক্ষসী গঙ্গা ভাঙ্গন এর ফলে বহু বাড়িঘর তলিয়ে গিয়েছে নদীতে আর এই গঙ্গা ভাঙনের আর্তনাদের কথা রাজ্যসভা থেকে লোকসভায় আলোচনা হয়েও কোনো প্রতিরক্ষা পাচ্ছে না মালদার গঙ্গা তীরবর্তী গ্রামাঞ্চল। এদিন মঙ্গলবার গঙ্গা ভাঙ্গন প্রতিরোধে, কেন্দ্রীয় সরকারের উদাসীনতা ও চরম ব্যর্থতার প্রতিবাদে এবং অতিবিলম্বে কেন্দ্রীয় সরকারকে গঙ্গা ভাঙ্গন রোধে অর্থ বরাদ্দ ও ভাঙ্গন কবলিত মানুষকে নিরাপত্তা এবং ক্ষতিপূরণের দাবিতে কেন্দ্রীয় সরকারের অধীনে ফারাক্কা ব্যারেজ জেনারেল ম্যানেজার এর নিকট মালদা জেলা তৃণমূল কংগ্রেস কমিটির ডাকে বিক্ষোভ মিছিল অবস্থান ও গণ ডেপুটেশন দেওয়া হয়। এদিনের প্রতিবাদ বিক্ষোভে ছিলেন, পশ্চিমবঙ্গ সরকারের রাষ্ট্রীয় মন্ত্রী সাবিনা ইয়াসমিন, পশ্চিমবঙ্গ সরকারের প্রতিমন্ত্রী তজমুল হোসেন, বিধায়ক আব্দুর রহিম বক্সি, বিধায়িকা চন্দনা সরকার, বিধায়ক মনিরুল ইসলাম, বিধায়ক সমর মুখার্জি, মালদা জেলা পরিষদ সভাধিপতি লিপিকা বর্মন ঘোষ, জেলা পরিষদ কর্মদক্ষ আব্দুর রহমান, মালদা জেলা যুব তৃণমূল কংগ্রেস সভাপতি বিশ্বজিৎ মণ্ডল সহ মালদা জেলা তৃণমূল কংগ্রেসের একাধিক জেলা ও ব্লক নেতৃত্ব সহ তৃণমূল কর্মীবৃন্দরা। সাবিনা ইয়াসমিন জানান, আমি নিজে পশ্চিমবঙ্গ সরকারের জল সেচ ও জলপথ দপ্তরের মন্ত্রী। আমরা প্রশাসনিক দপ্তর থেকে এবং স্বয়ং মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি নিজে নীতি আয়োগ এর বৈঠকে এবিষয়ে বলেছেন। গতবারেও আমরা ডেপুটেশন দিয়ে গিয়েছিলাম, ২০১৭ সালের আগে যে ১২০ কিলোমিটার ফারাক্কা ব্যারেজ প্রোজেক্টের এখতিয়ারাধীন প্রকল্প ছিল। সেটা রাতারাতি ২০১৭ সালে যেটা ১৯ কিলোমিটার করে দেয় রাজ্য সরকারকে না জানিয়ে। ফলে আমরা দাবি জানাতে এসেছি একরের পর একর জমি আজকে গঙ্গার তলে তলিয়ে যাচ্ছে। একেরপর এক সব বাড়িঘর ধ্বসে জলে চলে যাচ্ছে, মানুষ রাস্তায়। আমরা তাদেরকে ১নং খতিয়ানে জায়গা দিতে পারছি না বসবাসের জন্য। মালদা জেলার গঙ্গা ভাঙ্গন এলাকার প্রায় ৬৪ টা স্কুল এই মূহুর্তে বন্ধ আছে। ফলে যতক্ষণ না পর্যন্ত ফারাক্কা ব্যারেজের ১২০ কিলোমিটার এখতিয়ারাধিন আবার ফারাক্কা ব্যারেজ প্রোজেক্ট না নেবে ততক্ষণ পর্যন্ত আমরা ফারাক্কা ব্যারেজ জেনারেল ম্যানেজারকে ঘেরাও করে বসে থাকব। আব্দুর রহিম বক্সি বলেন, আমাদের মালদা মুর্শিদাবাদের যে গঙ্গা ভাঙন হচ্ছে এই গঙ্গার বাঁধ রক্ষা করার দায়িত্ব ছিল কেন্দ্রীয় সরকারের। কিন্তু কেন্দ্রীয় সরকার কোনরকম ভ্রুক্ষেপ করছেন না। আজকে আমরা এর প্রতিবাদ জানিয়ে ডেপুটেশন দিলাম এবং আমরা পূর্ণ ঘেরাও করে রাখব যতক্ষণ না দাবি মানা হচ্ছে।

# সাপের কামড়ে আক্রান্ত যুবক



**সুভাষ চন্দ্র দাশ ● ক্যানিং**

**আপনজন:** সাপের কামড়ে আক্রান্ত হলেন এক যুবক। ঘটনাটি ঘটেছে মঙ্গলবার রাতে বাসন্তী থানার অন্তর্গত ১০ নম্বর বড়িয়া গ্রামে। বর্তমানে আক্রান্ত যুবক কৃষ্ণগোপাল সরদার ক্যানিং মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। স্থানীয় সুত্রে জানা গিয়েছে প্রবল বর্ষনে এলাকা জলমগ্ন।
এমনকি আক্রান্ত যুবকের বাড়ির সামনেও জমে রয়েছে জল। এদিন রাতে বাজার করে বাড়িতে ফিরছিলেন কৃষ্ণগোপাল সরদার।রাতের অন্ধকারে বাড়ির কাছেই তার ডানপায়ে একটি সাপ কামড় দেয়।পরিবারের লোকজন তড়িঘড়ি ওই যুবক কে ক্যানিং মহকুমা হাসপাতালে নিয়ে যায় চিকিৎসার জন্য।

ছড়িয়ে-ছিটিয়ে

# নারী সমতা দিবস উপলক্ষে আলোচনা



**সারিউল ইসলাম ● মুর্শিদাবাদ**

**আপনজন:** নারী সমতা দিবস উপলক্ষে জিয়াগঞ্জ শ্রীপৎ কলেজের নারী বিভাগ ও আইকিউএসি এবং এক স্বেচ্ছাসেবী সংস্থার যৌথ উদ্যোগে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। ২৬শে আগস্ট নারী সমতা দিবস হলেও সেদিন কলেজ বন্ধ থাকাই পরদিন ২৭ আগস্ট মঙ্গলবার অনুষ্ঠানটি করা হয় কলেজের রবীন্দ্র সভাকক্ষে। কর্মক্ষেত্রে নারী সুরক্ষা শীর্ষক এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ড. কমলকৃষ্ণ সরকার সহ অন্যান্য অধ্যাপক-অধ্যাপিকারা। কলেজের ছাত্রীদের অনুষ্ঠানের মাধ্যমে শিশু সুরক্ষা, বাল্যবিবাহ সমস্যা, পণপ্রথা, নারী পাচার, নারী নির্যাতন, ধর্ষণ, আত্মরক্ষা, সাইবার ক্রাইম সহ বিভিন্ন বিষয়ে সচেতন করা হয়। কর্মক্ষেত্রে নারীদের কি কি করণীয় সে বিষয়ও উঠে আসে অনুষ্ঠানে।

# বর্ধমান সংস্কৃতি লোক মঞ্চে রাজ্য হজ কমিটির বিশেষ অনুষ্ঠান

**মোল্লা মুয়াজ ইসলাম ● বর্ধমান**



**আপনজন:** রাজ্য হক কমিটির উদ্যোগে পূর্ব বর্ধমানে হজ বিষয়ক অনুষ্ঠান সংঘটিত হলো ২৭ শে আগস্ট বেলা সকাল ১১:০০ টায়। আগামী ৯ তারিখ থেকে হজের ফর্ম ফিলাপ শেষ হচ্ছে। রাজ্য হজ কমিটির তরফ থেকে রাজ্যের বিভিন্ন প্রান্তে সচেতনতার বার্তা নিয়ে বিভিন্ন জেলায় হজ সংক্রান্ত অনুষ্ঠান করা হচ্ছে । পূর্ব বর্ধমানের সংস্কৃতি লোক মঞ্চে এই অনুষ্ঠানে অসংখ্য ইমাম উপস্থিত হয়েছিলেন।
হজ কমিটির তরফ থেকে এবং বহু বিশিষ্ট ব্যক্তিত্ব ইমাম সাহেব দের কে আহ্বান জানান আপনারা মসজিদে নামাজ পড়ান । সেখানে যাদের হজ করার সমর্থ্য আছে তাদেরকে হজ করার প্রতি আহ্বান জানান। হজের গুরুত্ব এবং তার আহমিয়াত বর্ণনা করার আহ্বান জানানো হয় । ভারত সরকার পশ্চিমবঙ্গ সরকার কে যে হজের কোটা দিয়েছে সেই হজের কোটা পূরণ হয় না। এইখানে হজের ফরম ফিলাপ থেকে শুরু করে পাসপোর্ট অন্যান্য অনেক বিষয় নিয়ে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। ফরম ফিলাপ পাসপোর্ট এর ব্যাপারে সব ধরনের সাহায্য সহযোগিতা করা হবে হজ কমিটির তরফ থেকে বলে জানানো হয়। এই অনুষ্ঠানে ইমাম সাহেবদের বিভিন্ন সুবিধা অসুবিধা নিয়ে বিস্তারিত আলো- আলোচনা করেন। শেষ পর্যায়ে একটা প্রশ্নোত্তর পর্ব চলে । হজ বিষয় নিয়ে বিস্তারিত আলাপ আলোচনা করেন রাজ্যের অন্যতম হজের ট্রেনার মুফতি ইব্রাহিম সাহেব। হজ কমিটির অফিসিয়াল আবুল হোসেন সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন । বর্ধমানের সংস্কৃতি লোক মঞ্চের এই অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত হয়েছিলেন আবুল হোসেন মন্ডল, অফিসিয়াল , পশ্চিমবঙ্গ রাজ্য হজ কমিটি । আসফাক জিলানী, এম ডি ও, পূর্ব বর্ধমান। অনুপ মন্ডল, ডিআইবি অফিসার । মুফতী মুহাম্মদ ইব্রাহিম, হজ ট্রেনার। সামসের আলম, জেলা ইমাম , পূর্ব বর্ধমান। আলহাজ নাইয়ের আলম, হজ ট্রেনার। মানজারুল হক, আউকাফ ইন্সপেক্টর, মুশাইদ আহমেদ, এ এস, সফিকুল ইসলাম, সাংবাদিক সহ বহু বিশিষ্ট অতিথিরা।

# শিক্ষক-ছাত্রদের চাপে বিতর্কিত 'সার্কুলার' প্রত্যাহার ডিআইয়ের



**নিজস্ব সংবাদদাতা ● মেদিনীপুর**

**আপনজন:** শিক্ষক ও ছাত্র আন্দোলনের সাঁড়াশি চাপে পড়ে মঙ্গলবার বিকেলে শেষ পর্যন্ত বির্তকিত সার্কুলার প্রত্যাহার করলেনপশ্চিম মেদিনীপুরের মাধ্যমিক জেলা বিদ্যালয় পরিদর্শক স্বপন সামন্ত।
উল্লেখ্য গত ২২ শে আগষ্ট বৃহস্পতিবার জেলার বিদ্যালয়গুলির প্রধান শিক্ষক-প্রধান শিক্ষিকাদের উদ্দেশ্যে একটি নির্দেশিকা জারি করেন। সেখানে বলা হয়েছির বিদ্যালয়ের অঙ্গনের বাইরে শিক্ষা দপ্তরের অনুষ্ঠান ব্যতীত অন্য কোন কার্যক্রমে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ করতে পারবে না। শুক্রবার বিকেলেই শিক্ষক সংগঠন নিখিল বঙ্গ শিক্ষক সমিতির (এবিটিএ) এর পক্ষ থেকে এই সার্কুলারকে 'উদ্দেশ্য প্রণোদিত' 'স্বৈরাচারী' 'বেআইনি'' 'অগনতান্ত্রিক' 'তুঘলকি ও 'কালা সার্কুলার' বলে আখ্যায়িত করে এই সার্কুলার অবিলম্বে প্রত্যাহার করার দাবিতে জেলা মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শক স্বপন সামন্তর নিকট ডেপুটেশন দেওয়া হয়। সংগঠনের পক্ষ থেকে জানানো হয়,আর জি করে ঘটা বর্বরোচিত নারকীয় ঘটনার বিরুদ্ধে ছাত্র-ছাত্রীদের স্বতঃস্ফূর্ত প্রতিবাদকে স্তব্ধ করার লক্ষ্যে জারি করা ঔপনিবেশিক ধাঁচের 'কালা সার্কুলার' অবিলম্বে বাতিল করতে হবে।ঘন্টা খানেকের বেশি সময় ধরে এই ডেপুটেশন ও অবস্থান কর্মসূচি চলে।সেদিনের আন্দোলনের ঝাঁঝও ছিল তীব্র।
সেদিন শেষমেষ উপস্থিত আন্দোলনকারী শিক্ষক-শিক্ষিকা-শিক্ষাকর্মীদের সামনে ডি আই প্রতিশ্রুতি দেন তিনি তাঁর উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে মঙ্গলবারের মধ্যে সার্কুলার প্রত্যাহারের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করবেন। এবিটিএ-এর পক্ষে জানিয়ে দেওয়া হয়েছিল সার্কুলার মঙ্গলবারের মধ্যে প্রত্যাহার না হলে তাঁরা বৃহত্তর আন্দোলনের পথে পা বাড়াবেন।
অন্যদিকে এই সার্কুলার অগ্রাহ্য করে জেলার বিভিন্ন বিদ্যালয়ে আর জি কর কান্ডে দোষীদের শাস্তি চেয়ে সোচ্চার হয়েছিল পড়ুয়ারা।

# টানা বৃষ্টিতে জমিতে জল জমে ক্ষতির মুখে চাষিরা



**চন্দনা বন্দ্যোপাধ্যায় ● জয়নগর**

**আপনজন:** দক্ষিন ২৪ পরগনায় গত কয়েক দিন ধরে চলা টানা বৃষ্টিতে সিঁদুরে মেঘ দেখছেনসবজি চাষিরা। জয়নগর,কুলতলি, রায়দীঘি, ক্যানিং,ভাঙড়, জীবনতলা, বাসন্তী, মগরাহাট সহ অধিকাংশ এলাকার সবজি বাগানগুলিতে জল জমার মত পরিস্থিতি সৃষ্টি হওয়ায় গাছ প্রায় মৃত প্রায় হয়ে এসেছে। পরিস্থিতির পরিবর্তন না হলে অসুবিধার মধ্যে পড়বেন বহু কৃষকরা। এ বছর বর্ষার প্রথমে বৃষ্টি না হওয়ায় অনেকেই সবজি বাগান করে ছিলেন। সেক্ষেত্রে জল কিছুটা কম লাগছিল। এমন কথা জানিয়েছেন মৈপীঠ এলাকার একাধিক সবজি চাষি। কিন্তু এই কয়েক দিনের বৃষ্টি সব হিসাব গুলিয়ে দিয়েছে।বৃষ্টি বাড়ায় বিপাকে পড়েছেন সবজি চাষিরা। নিচু ও মাঝারি খেত জলে ডুবেছে। বেশ কিছু উঁচু খেতে ও জল দাঁড়িয়ে যাওয়ায় গাছের পচন দেখা দিয়েছে।

# বিষ্ণুপুরের ময়নাতদন্তের মর্গ জলমগ্ন, জলে ডোবা লাশের ভিডিও ভাইরাল

**সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া**



**আপনজন:** জল থৈ থৈ বিষ্ণুপুরের ময়না তদন্তের মর্গ, জলে ডুবে দেহ, চাঞ্চল্যকর ভিডিও ভাইরাল সামাজিক মাধ্যমে ।
বিষ্ণুপুর জেলা হাসপাতালের মর্গে জল থৈ থৈ পরিস্থিতি। এই জলের নিচে ডুবে রয়েছে একটি মৃতদেহ। এমনই ছবি সামাজিক মাধ্যমে ভাইরাল হতেই নিন্দার ঝড় চারিদিকে। যদিও ভাইরাল ভিডিওর সত্যতা যাচাই করেনি আপনজন।
জানা যায় গতকাল তুমুল বৃষ্টি হয় বিষ্ণুপুরে সেই বৃষ্টির জলে জলমগ্ন হয়ে পড়ে বিষ্ণুপুর জেলা হাসপাতালের ময়না তদন্তের মর্গ। তখনই একটি মৃতদেহ ময়নাতদন্তের জন্য আনা হয়। তখন তুমুল বৃষ্টিতে জলের তলায় ডুবে যায় ওই মৃতদেহ।
বিষ্ণুপুর হাসপাতাল সুপার শুভঙ্কর কয়াল জানান ওই স্থানে কোন মৃতদেহ রাখা হয় না বিষ্ণুপুর হাসপাতালে মৃতদেহ রাখার জন্য সুনির্দিষ্ট জায়গা রয়েছে। বডি শুধুমাত্র নিয়ে যাওয়া হয় ময়নাতদন্তের জন্য ওই স্থানে । তবে কেউ ছবি তোলার জন্য ওইখানে বডি রাখলেও রাখতে পারে । তিনি আরো জানান ওই যে মর্গ টি রয়েছে সেটি বহু পুরনো প্রায় ৩০ বছরের এবং হাসপাতালের সব থেকে নিচু জায়গা। তাই গতকাল বৃষ্টিতে ওই মর্গে জল ঢুকে গিয়েছিল। এর আগেও উর্ধ্বতন কর্তৃপক্ষকে এই মর্গ টি সংস্কার করার জন্য বলা হয়েছে হাসপাতালে পক্ষ থেকে। তবে যেহেতু একটা ছবি প্রকাশে এসেছে বিষয়টি তদন্ত করে দেখা হবে কি ঘটনা।

# ময়ূরেশ্বর কৃষক সভার ডেপুটেশন বিডিওকে



**সেখ রিয়াজউদ্দিন ও আজিম শেখ ● বীরভূম**

**আপনজন:** সারা ভারত কৃষক সভা ময়ূরেশ্বর-১ নম্বর ব্লক কমিটির উদ্যোগে কৃষি সংক্রান্ত বিভিন্ন দাবিতে এবং আর জি করের ঘটনায় দোষীদের বিচার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মঙ্গলবার ময়ূরেশ্বর-১ নম্বর ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিকের নিকট স্মারকলিপি প্রদান করা হয়। প্রধান দাবি সমূহের মধ্যে ছিল কৃষি ফসলের এম এস পি নিশ্চয়তা আইন ।
অস্বাভাবিক মূল্য বৃদ্ধি, লাগামহীন বিদ্যুত মাসুল, জনস্বার্থ বিরোধী প্রিপেড স্মার্ট মিটার বাতিল করা। সারের কালোবাজারী বন্ধে ব্যাবস্থা করতে হবে। কৃষি উপকরণের মূল্য কমানো। কৃষি ও কৃষকের স্বার্থ রক্ষাকারী সরকারি বিমা চালু করা।সমস্ত কৃষি সমবায় সমিতির নির্বাচন করা। আর জি করের ন্যাক্কারজনক ঘটনায় জড়িত অপরাধীদের দ্রুত বিচারের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যাবস্থা করার দাবি তোলা হয়।
দলীয় পতাকা,ব্যানার সহ মিছিল সহযোগে ব্লক অফিসের সামনে জমায়েত হন।এদিন স্মারকলিপি প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সারাভারত কৃষকসভার জেলা সম্পাদক অরূপ বাগ সহ অন্যান্য নেতৃত্ব।

# অবৈধ চোলাই মদ বন্ধে সক্রিয় লোকপুর থানা



**সেখ রিয়াজুদ্দিন ● বীরভূম**

**আপনজন:** বীরভূম সীমান্তবর্তী ঝাড়খণ্ড রাজ্যের বিভিন্ন এলাকা দিয়ে বীরভূমের লোকপুর, রাজনগর সহ অন্যান্য থানার গ্রামে গ্রামে অবৈধভাবে ঢুকছে চোলাই মদ। বিভিন্ন সময়ে বিভিন্ন রাস্তা ধরে পুলিশের চোখ এড়িয়ে সেগুলো কখনো সাইকেল তো কখনো মোটরসাইকেল সহযোগে দেদার বিক্রি করে চলে যাচ্ছে। ঘটনার কথা সামনে আসতেই লোকপুর থানার ওসি পার্থ ঘোষ অন্যান্য পুলিশ আধিকারিকরা অবৈধ চোলাই মদ বন্ধের জন্য তৎপর হয়ে উঠেন। সেরূপ নজরদারির ফলে লোকপুর থানার এএসআই নয়ন ঘোষ সহ অন্যান্য পুলিশ কর্মীরা পেট্রোলিং ডিউটি করার সময় সোমবার রাতে বারাবন জঙ্গল মোড়ে এক চোলাই মদ কারবারীকে ধরে ফেলে। জানা যায় ধৃত ব্যক্তি শিবপুর গ্রামের সুদন মন্ডল।

# 'ইবতেদায়ি কুরআন' হাড়োয়ার মাদ্রাসায়

**সাদ্দাম হোসেন মিদ্দে ● হাড়োয়া**



**আপনজন:** মজলিশে ইবতেদায়ি কুরআন' অনুষ্ঠিত হল উত্তর চব্বিশ পরগনা জেলার হাড়োয়ার রাধানগর আমিনিয়া খারেজি মাদ্রাসায়। সোমবার দুপুরে বিশেষ এই ধর্মীয় অনুষ্ঠান টি হয়।
মাদ্রাসা রুমে বিশেষ এই অনুষ্ঠানে ৬ জন শিশু মহাগ্রন্থ আল কুরআন তেলাওয়াত শুরু করেছেন। এদিন মাদ্রাসার পক্ষ থেকে শিক্ষার্থী, অভিভাবক ও শুভানুধ্যায়ীদের জন্য দুপুরের খাওয়ার ব্যবস্থা করা হয়। মহাগ্রন্থ আল কোরআন তেলাওয়াতের গুরুত্ব তুলে ধরে বক্তব্য রাখেন মাওলানা নিজাম উদ্দিন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন এবং মহান আল্লাহর নিকটে দুনিয়া ও আখেরাতের মঙ্গল কামনা করে দোয়া করেন মাদ্রাসা পরিচালক মাওলানা আমিনুর রহমান।

# ফেদেরারের রেকর্ড ছুঁয়ে দ্বিতীয় রাউন্ডে বন্ধুর মুখোমুখি জোকোভিচ



**আপনজন ডেস্ক:** রজার ফেদেরারের রেকর্ড ছুঁয়েই ২৫তম গ্র্যান্ড স্লাম জয়ের অভিযান শুরু করলেন নোভাক জোকোভিচ। বাংলাদেশ সময় আজ সকালে ইউএস ওপেনের প্রথম রাউন্ডে মলদোভার রাদু আলবোতকে ৬-২, ৬-২, ৬-৪ গেমে হারিয়েছেন সার্বিয়ান তারকা। এই জয়টি ইউএস ওপেনে জোকোভিচের ৮৯তম জয়।

## ইউএস ওপেন

ফেদেরারও ইউএস ওপেনে জিতেছেন ৮৯ ম্যাচ। এই দুজনের চেয়ে বছরের শেষ গ্র্যান্ড স্লামের পুরুষ এককে বেশি ম্যাচ জিতেছেন মাত্রই একজন—যুক্তরাষ্ট্রের সাবেক তারকা জিমি কনর্স (৯৮)।
৩৭ বছর বয়সী জোকোভিচ আর্থার অ্যাশ স্টেডিয়ামে বিশ্বের ১৩৮ নম্বর খেলোয়াড় আলবোতকে হারাতে সময় নিয়েছেন ২ ঘণ্টা ৭ মিনিট। এই নিয়ে ফ্ল্যাশিং মিডোতে ১৮ বার খেলতে এসে ১৮ বারই প্রথম রাউন্ড পেরোলেন গ্র্যান্ড স্লাম জয়ে সর্বকালের সেরা টেনিস খেলোয়াড়। ইউএস ওপেনের চারবারের চ্যাম্পিয়ন তৃতীয় রাউন্ডের আগে কখনোই বিদায় নেননি নিউইয়র্কের এই টুর্নামেন্ট থেকে।
দ্বিতীয় রাউন্ডে বর্তমান চ্যাম্পিয়ন জোকোভিচ প্রতিপক্ষ হিসেবে পেয়েছেন বন্ধু লাসলো দিয়েরেকে। জার্মানির ইয়ান-লেনার্ড স্ট্রাফকে ৬-৭ (৭/৯), ৬-১, ৬-৭ (৭/৯), ৬-৪, ৬-২ গেমে হারিয়ে দ্বিতীয় রাউন্ডে উঠেছেন দিয়েরে।
এ বছর এখনো একটিও গ্র্যান্ড স্লাম না জেতা জোকোভিচ প্রথম রাউন্ড পেরোনোর পর বললেন এত সহজে জিতবেন ভাবেননি তিনি, ‘শুরুটা তো সব সময়ই চ্যালেঞ্জিং হয়। আর আমি তো এই সারফেসে (হার্ড কোর্ট) পাঁচ-ছয় মাস খেলিনি। অলিম্পিকে ক্লে কোর্টে খেলার পর এখানে খেলতে এলাম। ইউএস ওপেনের আগে কোনো আনুষ্ঠানিক ম্যাচও খেলিনি। তাই আশঙ্কা করেছিলাম হয়তো শুরুর দিকে চ্যালেঞ্জের মুখে পড়ব।’
জোকোভিচের দিনে বলার মতো কোনো অঘটন দেখেনি ইউএস ওপেন। দ্বিতীয় রাউন্ডে উঠে গেছেন কাসপার রুড, টেলর ফ্রিটজ, লরেনৎসো মুসেত্তি, আলেকসান্দর জভেরেভে ও আন্দ্রেই রুবলেভ। মেয়েদের বিভাগে বর্তমান চ্যাম্পিয়ন কোকো গফ ও আরিনা সাবালেঙ্কার মতো তারকাও উঠেছেন দ্বিতীয় রাউন্ডে।

# রোনালদোকে নিয়ে যে ‘গোপন তথ্য’ রয়েছে মার্তিনেজের কাছে



**আপনজন ডেস্ক:** ৩৯ বছর পেরিয়ে ৪০-এর দিকে ছুটছেন ক্রিস্টিয়ানো রোনালদো। তাঁর সমসাময়িক অনেক ফুটবলার আরও আগেই বিদায় জানিয়েছেন ফুটবলকে। কিন্তু সর্বকালের অন্যতম সেরাদের একজন রোনালদোর যেন থামাথামি নেই। ইউরোর ব্যর্থতার পর অনেকে তাঁর শেষ দেখে ফেললেও রোনালদো বলেছেন, তিনি আরও কিছুদিন খেলা চালিয়ে যেতে চান।
রোনালদোর এমন চাওয়ার যৌক্তিকতা মেনে নিয়েছেন কোচ রবার্তো মার্তিনেজও। পাশাপাশি রোনালদো এই বয়সেও কীভাবে কার্যকর, সে বিষয়েও ‘গোপন তথ্য’ তাঁর কাছে আছে বলে মন্তব্য করেছেন এই কোচ।
সম্প্রতি এক সাক্ষাৎকারে অবসর প্রসঙ্গে রোনালদো বলেছেন, ‘আমি এ মুহূর্তে জাতীয় দলকে আসন্ন ম্যাচগুলোয় সাহায্য করে যেতে চাই। আমাদের সামনে নেশনস লিগ আছে এবং সত্যিকার অর্থেই আমি খেলার ইচ্ছা রাখি।’
গত জুলাইয়ে শেষ হওয়া ইউরোয় নিজের নামের প্রতি সুবিচার করতে ব্যর্থ হন রোনালদো। কোয়ার্টার ফাইনালে ফ্রান্সের কাছে হেরে পর্তুগালের বিদায়ের পর আঙুলও উঠেছিল তাঁর প্রতি। সমালোচিত হয়েছিলেন দ্বিতীয় রাউন্ডে স্লোভানিয়ার বিপক্ষে পেনাল্টি মিস করার কারণেও।
সেদিন অতিরিক্ত সময়ে পেনাল্টি মিস করে কান্নায়ও ভেঙে পড়েছিলেন রোনালদো। এরপর প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অনেকেই রোনালদোকে অবসর নেওয়ার কথা বলেছিলেন। কিন্তু পর্তুগিজ কিংবদন্তির আপাতত থামার ইচ্ছা নেই। পাশাপাশি তাঁকে থামানোর ইচ্ছা নেই কোচ মার্তিনেজেরও।
রোনালদোর বয়স নিয়ে পর্তুগিজ সংবাদমাধ্যম ‘রেকর্ড’কে মার্তিনেজ বলেছেন, ‘টুর্নামেন্টগুলোতে বয়স আমার মনে হয় না গুরুত্বপূর্ণ কিছু। আমার ধারণা, বয়স বরং সাহায্য করে। আমরা পেপেকেও দেখেছি। সে দুর্দান্ত খেলেছে (এই বয়সেও)। এখানে গুরুত্বপূর্ণ কাজটা হচ্ছে চিকিৎসা দলের।’
এ সময় রোনালদোকে নিয়ে ‘গোপন তথ্য’ আছে জানিয়ে মার্তিনেজ আরও বলেছেন, ‘আমরা তাদের (খেলোয়াড়দের) পারফরম্যান্স দেখি পরিসংখ্যানে। যা দেখায় যে ক্রিস্টিয়ানোর (রোনালদো) সবকিছু ভালোভাবেই চলছে। আমার কাছে তার গোপন তথ্য আছে, যা এই কথাগুলোকে সমর্থন করে। প্রতিযোগিতা চলাকালে আমাদের কোনো শারীরিক সমস্যা হয়নি।’
আন্তর্জাতিক বিরতিতে পর্তুগাল নিজেদের পরের ম্যাচ খেলবে সেপ্টেম্বরে। ৫ সেপ্টেম্বর নেশনস লিগের ম্যাচে পর্তুগালের প্রতিপক্ষ ক্রোয়েশিয়া। এরপর ৮ সেপ্টেম্বর পর্তুগাল পরের ম্যাচ খেলবে স্কটল্যান্ডের বিপক্ষে।

# আইসিসির চেয়ারম্যান অমিত পুত্র জয় শাহ



**আপনজন ডেস্ক:** মাত্র ৩৫ বছর বয়সে বিনা প্রতিদ্বন্দ্বিতায় আইসিসির চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন ভারতের জয় শাহ। আইসিসির ইতিহাসের সর্বকনিষ্ঠ চেয়ারম্যান হতে যাচ্ছেন তিনি। এ মুহূর্তে বিসিসিআইয়ের সেক্রেটারি হিসেবে দায়িত্ব পালন করা জয় আইসিসির দায়িত্ব পালন শুরু করবেন ১ ডিসেম্বর। ফলে জয় চলে গেলে বিসিসিআইয়ের সেক্রেটারির পদটি শূন্য হয়ে যাবে। ২০০৯ সালে গুজরাটে ক্রিকেট সংগঠক হিসেবে ক্যারিয়ার শুরু করা জয় বিসিসিআইয়ের সেক্রেটারি হিসেবে আছেন ২০১৯ সাল থেকে। ২০২২ সালে এ পদে পুনরায় নির্বাচিত হন তিনি। ২০২৫ সাল পর্যন্ত পদটিতে থাকার কথা ছিল তাঁর। তবে আইসিসির দায়িত্ব নিলে বিসিসিআইয়ের পদ ছাড়তে হবে তাঁকে। ২০২১ থেকে ২০২৪ সাল পর্যন্ত এশিয়ান ক্রিকেট কাউন্সিলের চেয়ারম্যানের দায়িত্বও পালন করেছেন জয়।
জয় আইসিসিতে চলে গেলে বিসিসিআইয়ে তাঁর পদে কে আসবেন, এ নিয়ে আলোচনা শুরু হয়েছে ভারতের সংবাদমাধ্যমগুলোতে। সেখানে এসেছে দিল্লি ও জেলা ক্রিকেট সংস্থার প্রেসিডেন্ট রোহান জেটলির নাম। তবে তিনি নিজে এমন সংবাদ উড়িয়ে দিয়েছেন।
আইসিসির চেয়ারম্যান পদে পঞ্চম ভারতীয় হতে যাচ্ছেন জয়। তাঁর আগে এ দায়িত্ব পালন করেছেন জগমোহন ডালমিয়া, শারদ পাওয়ার, এন শ্রীনিবাসন ও শশাঙ্ক মনোহর। ডালমিয়ার আমলে বাংলাদেশ টেস্ট মর্যাদা পেয়েছিল। জয় এবার আইসিসির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নেবেন গ্রেগ বার্কলের জায়গায়। ২০২০ সাল থেকে আইসিসির প্রধানের ভূমিকায় ছিলেন নিউজিল্যান্ড-কানাডিয়ান বার্কলে। ২০২২ সালে এ পদে পুনর্নির্বাচিত হয়েছিলেন তিনি।
তবে সম্প্রতি বার্কলে জানান, তৃতীয় মেয়াদে দায়িত্ব পালনে তিনি ইচ্ছুক নন। ২০২২ সাল থেকে বার্কলের অধীন আইসিসির গুরুত্বপূর্ণ ফিন্যান্স অ্যান্ড কমার্শিয়াল অ্যাফেয়ার্স কমিটিতে ছিলেন জয়। বার্কলে সরে দাঁড়ানোর ঘোষণা দেওয়ার পরপরই ইংল্যান্ড ও অস্ট্রেলিয়ার সংবাদমাধ্যমে প্রশ্ন তোলা হয়। তারা দাবি করে, বার্কলেকে আর নির্বাচন না করতে বিসিসিআইয়ের সেক্রেটারি জয় শাহ চাপ দিয়েছেন। আজ ২৭ আগস্ট পর্যন্ত আইসিসির চেয়ারম্যান পদে মনোনয়ন জমা দেওয়ার সময় ছিল। তবে জয় ছাড়া সেটি কেউ দেননি। ফলে এখন আর আনুষ্ঠানিক নির্বাচনের প্রয়োজন হবে না। নির্বাচিত হওয়ার পর এক বিবৃতিতে জয় বলেছেন, ‘আইসিসির চেয়ারম্যান হিসেবে মনোনয়ন পেয়ে আমি বেশ বিনীত বোধ করছি। আইসিসির দল ও আমাদের সদস্য জাতিগুলোর সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করে ক্রিকেটের আরও বৈশ্বিকীকরণে কাজ করতে আমি প্রতিজ্ঞাবদ্ধ। একাধিক সংস্করণের সহাবস্থানের ভারসাম্য আনা, অগ্রসর প্রযুক্তির আয়ত্তকরণের প্রচার ও নতুন বৈশ্বিক বাজারে আমাদের মূল টুর্নামেন্টগুলোর পরিচিতি তুলে ধরতে আমরা একটা গুরুত্বপূর্ণ অবস্থানে দাঁড়িয়ে আছি। আমাদের লক্ষ্য হচ্ছে ক্রিকেটকে আরও উন্মুক্ত ও যেকোনো সময়ের চেয়ে আরও জনপ্রিয় করা।’

# ক্রিকেটে বিশ্বরেকর্ড স্পেনের



**আপনজন ডেস্ক:** টানা ১৪ টি-টোয়েন্টি ম্যাচ জিতে বিশ্বরেকর্ড গড়লো স্পেন। টি-টোয়েন্টি বিশ্বকাপের কোয়ালিফায়ার পর্বের আঞ্চলিক ম্যাচ চলছে। সেখানে রোববার গ্রিসের বিরুদ্ধে স্পেন জিতেছে সাত উইকেটে। স্পেনের এই জয়ের সঙ্গে সঙ্গেই রেকর্ড তৈরি হল। টানা ১৪ ম্যাচ জেতার রেকর্ড যে কোনো দলেরই নেই! স্পেন পরিচিত ফুটবলের জন্য। এই বছর ইউরোপ সেরা হয়েছে তারা। একবার বিশ্বকাপ জয়ের স্বাদও পেয়েছে স্পেন। সে দেশ থেকে উঠে এসেছেন রাফায়েল নাদাল, কার্লোস আলকারাজদের মতো টেনিস তারকাও। ক্রিকেটে খুব একটা পরিচিত নয় সে দেশে। সেই স্পেনই বিশ্ব রেকর্ড করল ক্রিকেটে।
গ্রিসের সাথে ম্যাচে দূর্দান্ত পারফর্ম করেন স্পেনের মোহাম্মদ আহসান ও ইয়াসির আলী ও হামজা সালিম দর।
হামজা করেন ৩২ রান, আহসান ২৬ ও ইয়াসির আলী ২৫ রান করেন। টানা ১৪ ম্যাচ জয়ের বিশ্বরেকর্ড তৈরি করতে গিয়ে ২০২৩ সালের ফেব্রুয়ারি থেকে এখনও পর্যন্ত কোনও টি-টোয়েন্টি ম্যাচ হারেনি স্পেন। গত এক সপ্তাহে সাইপ্রাস, চেক প্রজাতন্ত্র এবং গ্রিসকে হারিয়েছে তারা। এরমধ্য দিয়ে স্পেন ভেঙে দিয়েছে মালয়েশিয়া এবং বারমুডার রেকর্ড। এই দুই দেশ টানা ১৩টি টি-টোয়েন্টি ম্যাচ জিতেছিল। ভারত এবং আফগানিস্তান টানা ১২টি ম্যাচ জিতেছিল। ২০২১ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপের পর থেকে রোহিত শর্মার নেতৃত্বের শুরুর দিক পর্যন্ত টানা ১২টি ম্যাচ জিতেছিল ভারত। আফগানিস্তানেরও টানা ১২টি ম্যাচ জেতার রেকর্ড আছে। সব নজির ভেঙে দিল স্পেন। ১৪ ম্যাচে অজেয়। সামনে বাকি আরও ম্যাচ। তবে খারাপ ব্যাপার হচ্ছে, স্পেন বিশ্বরেকর্ড গড়লেও ইউরোপের আঞ্চলিক ফাইনালে হয়তো দলটি খেলতে পারবে না। কারণ ডেনমার্কের বিরুদ্ধে তাদের ম্যাচ বৃষ্টিতে ভেস্তে গিয়েছিল। তাই স্পেনকে অপেক্ষা করে থাকতে হবে ডেনমার্কের বিরুদ্ধে সাইপ্রাসের জয়ের জন্য। তবেই ফাইনাল খেলার সুযোগ পাবে নাদালের দেশ। আর সব যদি কিন্তু মিলে গেলে এমন অজেয় স্পেনকেই বিশ্বকাপে দেখা যেতে পারে।

# ওয়ানাদে ত্রাণ সাহায্যে মহামেডান স্পোর্টিং ক্লাবের অনন্য পদক্ষেপ



**আপনজন ডেস্ক:** মহামেডান স্পোর্টিং ক্লাবের তরফ থেকে ওয়ানাদে ভূমিধস ত্রাণ প্রচেষ্টাকে সমর্থন করার লক্ষ্যে বুধবার একটি ম্যাচের অংশ হিসেবে মালাপ্পুরাম পরিদর্শন করা হবে।
ওয়ানাদ বিপর্যস্তদের পাশে দাঁড়ানোর স্বার্থে এই ম্যাচ যার নাম ‘লেটস হেলপ ওয়ানাদ উইথ ফুটবল’। এই ম্যাচটি আগামী ৩০ তারিখে মানজেরি স্টেডিয়ামে সন্ধ্যে সাড়ে সাতটার সময় মহামেডান স্পোর্টিং ক্লাব ভার্সেস সুপার লিগ কেরালা ইলেভেন হবে। কেরালা টিম কিন্তু ছয়টি ক্লাবের সেরা কয়েকজন খেলোয়াড় কে দেখাবে। এই মুহূর্তে মোহামেডান দল কিন্তু এক উল্লেখযোগ্য পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছে। আয়োজকদের তরফ থেকে টিকিটের পর্যাপ্ত পরিমাণ আশ্বস্ত করে দেওয়া হয়েছে। এআইএফএফ ওয়ানাদকে সাহায্য করার লক্ষ্যে প্রায় ৫০ লক্ষ টাকার অবদান রাখে। এমনকি ম্যাচের দিন একটি বিশেষ টিকিট কাউন্টারের ব্যবস্থা করা হবে জানা যাচ্ছে।
এই সিজনে পাঁচজন নতুন বিদেশি খেলোয়াড়ও যুক্ত হয়েছেন, আর কিছু স্থানীয় খেলোয়াড়রাও আছেন এছাড়াও এই ম্যাচের আরেকটি বিশেষত্ব হলো স্থানীয় ও আন্তর্জাতিক প্রতিভার সংমিশ্রণ যা ম্যাচকে একটি আলাদাই পর্যায়ে নিয়ে যাবে, তা বলার অপেক্ষায় রাখে না।

# ডুরান্ড কাপের ফাইনালে উঠল মোহনবাগান

মারুফা খাতুন ● কলকাতা



**আপনজন:** রংয়ের ছোঁয়ায় রঙিন থাকলো বাঙালির চিরকালীন আবেগ লাল সবুজ পতাকাধারী মোহনবাগান। বাঙালি বরাবর ক্রীড়া প্রেমী জাতি, তার ওপরে যদি ফুটবল হয় তাহলে তো কোনো কথাই হবে না।
এই মুহূর্তে দাঁড়িয়ে প্রত্যেকটি বাঙালি এখন খুশির আবেগে ভাসছে। মঙ্গলবার যুবভারতী ক্রীড়াঙ্গনে বাঙালি সহ প্রতিটা দর্শক এক অসাধারণ ম্যাচের সাক্ষী থাকলো। কারণ ২০২৪ এর ডুরান্ড কাপের সেমিফাইনালে পেনাল্টি শুটআউটে বেঙ্গালুরু এফসি-কে ৪-৩ গোলে পরাজিত করেছে মোহনবাগান সুপার জায়ান্টস। যেহেতু নির্ধারিত সময়ে ম্যাচটি ২-২ স্কোরে ড্র হয়, তাই নিয়মবশত খেলার সিদ্ধান্ত গ্রহণের জন্য পেনাল্টিতে যেতে বাধ্য হয়। বেঙ্গালুরু এফসির হালিচরণ নার্জারীর যে প্রচেষ্টা ছিল তা কিন্তু মোহনবাগানের ভিসান কাইথের যে অনবদ্য প্রচেষ্টা তার কাছে হার মানতে বাধ্য হয়। তবে এই পেনাল্টি কিন্তু ছিল বেশ উত্তেজনা পূর্ণ। কারণ তারপরেই মোহনবাগানের গ্রেগ স্টুয়ার্ট এর শর্ট কিন্তু অপরদিকে থাকা গুরপ্রীত সিং সান্ধুর দ্বারা রক্ষা করা হয়েছিল। তবে শেষ পর্যন্ত আলেকজান্দার যোভানোভিক এর শটকে আটকানোর জন্য কাইথ কিন্তু আবারো মাঠে নেমে নিজেকে প্রমাণ করে নিজের দলকে জয় এনে দেন।

# ঝাড়খন্ডে ক্রিকেট খেলতে যাচ্ছেন ভাঙড় ক্রিকেট একাডেমির ছেলেরা

সাদ্দাম হোসেন মিদ্দে ● ভাঙড়



**আপনজন ডেস্ক:** দক্ষিণ চব্বিশ পরগনা জেলার ভাঙড় ক্রিকেট একাডেমির ছেলেরা পড়শি রাজ্য ঝাড়খন্ডে যাচ্ছেন বি ডিভিশন ক্রিকেট খেলতে চলতি মাসের ৩১ তারিখে। প্রতিযোগিতা শুরু হবে সেপ্টেম্বর মাসের ১ তারিখে। দেওঘর ডিস্ট্রিক্ট ক্রিকেট এ্যাসোসিয়েশন এই প্রতিযোগিতার আয়োজন করছে। দেওঘর কে কে স্টেডিয়াম, টিডিসি গ্রাউন্ড ও চ্যাটার্জি গ্রাউন্ডে খেলা গুলি অনুষ্ঠিত হবে। মূল প্রতিযোগিতায় ২৪ টি দল অংশগ্রহণ করবে। ভাঙড় ক্রিকেট একাডেমির হয়ে খেলবেন সুমন বিশ্বাস (অধিকনায়ক), সৌম্য মন্ডল, মহম্মদ ইজাজ, রুপম বিশ্বাস, মহম্মদ তাহাবিব, মহম্মদ তুহিন, জাহিদ হাসান, দেবজ্যোতি মন্ডল, রিজওয়ান লস্কর, শুভঙ্কর মন্ডল, শেখ মানোয়ার, মহম্মদ আসিফ, শুভ মান্না, অরিত্র মন্ডল ও শেখ ইব্রাহিম। ভাঙড় ক্রিকেট একাডেমির কোচ আবু বক্কার মোল্লা জানান, প্রতিযোগিতা শুরুর প্রথম দিনেই ভাঙড় ক্রিকেট একাডেমি মুখোমুখি হবে দেওঘর ক্রিকেট একাডেমির। তিনি বলেন, চ্যাম্পিয়ন হওয়ার লক্ষ্যেই আমরা মাঠে নামছি।

# এখনো টেস্ট খেলতে চান সূর্যকুমার



**আপনজন ডেস্ক:** টেস্ট খেলেছেন মাত্র ১টি। ওয়ানডে ক্যারিয়ারও যেমন-তেমন, খেলেছেন ৩৭টি ম্যাচ। ২০২৩ ওয়ানডে বিশ্বকাপ ব্যর্থতায় আর দলে সুযোগও পাননি।
এরপরও ক্রিকেট মহলে আলোচিত একটি নাম সূর্যকুমার যাদব। সেটা শুধু টি-টোয়েন্টি খেলেই। মাত্র একটি সংস্করণ খেলে এত আলোচনা খুব বেশ ক্রিকেটারকে নিয়ে হয়নি। অবশ্য এই আলোচনটা হয় টি-টোয়েন্টি ক্রিকেটে তাঁর পারফরম্যান্সের কারণে।
সম্প্রতি জিতেছেন টি-টোয়েন্টি বিশ্বকাপ, পেয়েছেন ভারতের অধিনায়কত্বও। টি-টোয়েন্টি খেলে এত কিছু পাওয়ার পরও সূর্যর টেস্টের প্রতি ভালোবাসা কমেনি। বরং ৩৩ বছর বয়সেও আবার টেস্ট দলে ফেরার স্বপ্ন দেখছেন। লড়াই করছেন। টেস্টে খেলার জন্য চলতি মৌসুমে ঘরোয়া ক্রিকেটের লাল বলের টুর্নামেন্টগুলোয় বাড়তি গুরুত্বও দিচ্ছেন সূর্যকুমার।
মুম্বাইয়ের হয়ে বুচিবাবু আমন্ত্রণমূলক ক্রিকেট টুর্নামেন্টেও খেলছেন।
এই টুর্নামেন্ট খেলতে এসে স্পোর্টস স্টারকে সূর্য বলেছেন, ‘লাল বলের ক্রিকেটকে আমি সব সময় অগ্রাধিকার দিয়ে এসেছি। মুম্বাইয়ের ময়দানে যখন বেড়ে উঠেছি, অনেক লোকাল ক্রিকেট খেলেছি, শুরুটা হয়েছিল লাল বল দিয়েই। দীর্ঘ সংস্করণের ক্রিকেটের প্রতি ভালোবাসা তখনই তৈরি হয়েছে, সেটা এখনো আছে। ১০ বছর ধরে প্রথম শ্রেণির টুর্নামেন্টে অংশ নিয়েছি, এখনো এই সংস্করণ খেলার স্বপ্ন লালন করছি। এটা নিয়ে কোনো প্রশ্ন নেই, সে কারণেই দুলীপ ট্রফির আগে আমি এখানে খেলছি।’







মুদ্রক, প্রকাশক ও স্বত্বাধিকারী জাইদুল হক কর্তৃক ৯৪/২ কলিন স্ট্রিট, কলকাতা-৭০০০১৬ থেকে প্রকাশিত ও সমর প্রিন্টেক, ২৯ তপসিয়া রোড সাউথ, কলকাতা-৭০০০৪৬ থেকে মুদ্রিত। **সম্পাদকীয় দফতর:** আপনজন পাবলিকেশন, ৬ কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬। সম্পাদক: **জাইদুল হক।**
Printed, Published and owned by Zaidul Haque, Published from 94/2 Collin Street, Kolkata-700016, Printed at Samar Printech, 29 Topsia Road South, Kolkata-700046. **Editorial Office:** 6 Kyd Street, Kolkata-700016. M: 9748892902 **Editor: Zaidul Haque**